দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 39 ■ Issue No. 4 ■ 24th January, 2026 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

## ভেতরের পাতায়


- স্কুল সার্ভিসের গ্রুপ 'সি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- নানান চাকরির পরীক্ষার জিজ্ঞাসার উত্তর
- জেনারেল স্টাডিজ ও সাম্প্রতিক ঘটনাপ্রবাহ


## রিজার্ভ ব্যাঙ্কে ৫৭২ অফিস অ্যাটেন্ড্যান্ট

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক 'অফিস অ্যাটেন্ড্যান্ট' পদে ৫৭২ জন লোক নিচেছ। মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ১৮ থেকে ২৫ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০১ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর ও প্রতিবন্ধীরা ১০ (তপশিলী হলে ১৫, ও.বি.সি. হলে ১৩) আর বিধবা-বিবাহবিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করে থাকলে ১০ বছর বয়সে ছাড় পাবেন। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় লিখতে, পড়তে ও বলতে পারা দরকার। মূল মাইনে : ২৪,২৫০-৫৩,৫৫০ টাকা।

কোন অফিসে ক'টি শূন্যপদ : কলকাতায় ৯০টি (জেনাঃ ৩৬, তঃজাঃ ২৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রতিবন্ধী ৩, প্রাঃসঃকঃ ২২। আহমেদাবাদে ২৯টি (জেনাঃ ১৮, ও.বি.সি. ১, তঃউঃজাঃ ৮,

☞ এরপর ২ পাতায়

ICE Academy
WBCS-2024/25 কোর্স
SSC CGL/CHSL 2026
Railway, Bank, WBPSC
অফলাইন ও অনলাইন
বালিগঞ্জ কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

### কলকাতা, ঝাড়গ্রাম ও জলপাইগুড়ি জেলার বাংলা মাধ্যমে

## প্রাইমারির ইন্টারভিউ শুরু ২৭ জানুয়ারি থেকে

রঞ্জিৎ ঘোষ, কলকাতা : প্রাইমারি টিচার পদের বাংলা মাধ্যমের স্কুলের ইন্টারভিউ সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করল পশ্চিমবঙ্গ প্রাথমিক শিক্ষা পর্ষদ (মেমো নং : 121/WBBPE/2026/59R-09/2024, Date: 19.01.2026). দ্বিতীয় ফেজে বাংলা মাধ্যমের স্কুলে ইন্টারভিউ / ভাইভা ভোস টেস্ট শুরু হবে কলকাতা, ঝাড়গ্রাম ও জলপাইগুড়ি জেলা দিয়ে। কলকাতা জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৭ ও ২৮ জানুয়ারি। ঝাড়গ্রাম জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৮ ও ২৯ জানুয়ারি। জলপাইগুড়ি জেলার প্রার্থীদের ইন্টারভিউ হবে ২৯ ও ৩০ জানুয়ারি। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : আচার্য প্রফুল্ল চন্দ্র ভবন, ডি.কে.-৭/১, সেক্টর-।।, সল্ট লেক, কলকাতা - ৯১। অন্যান্য জেলার প্রার্থীদের ইন্টারভিউ কবে হবে তা যথারীতি ওয়েবসাইটে দেওয়া হবে। ইন্টারভিউয়ের কল

☞ এরপর ১২ পাতায়

## জেলা স্বাস্থ্য দফতরে ৪৬ নার্স

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : মুর্শিদাবাদ জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ সমিতি ব্লক ডাটা ম্যানেজার, স্টাফ নার্স, ল্যাবরেটরি টেকনিশিয়ান, কমিউনিটি হেলথ অ্যাসিস্ট্যান্ট ইত্যাদি পদে ৪৬ জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

স্টাফ নার্স : জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা,

☞ এরপর ৪ পাতায়

### কলকাতার ৩৮টি কোম্পানিতে

## ৮,০৩২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

**শুরুতেই মাইনে মাসে ১২ থেকে ১৫ হাজার টাকা**

সৈকত হালদার, সল্টলেক : কলকাতার প্রথম সারির ৩৮টির বেশি কোম্পানি সামনের ৬ থেকে ৯ মাসের মধ্যে 'হিউম্যান রিসোর্স (HR) এক্সিকিউটিভ' পদে ৮,০৩২ জন ছেলেমেয়ে নেবে। বিখ্যাত ভারতীয় সফটওয়্যার সংস্থা ইনফোসিস-এর

☞ এরপর ৪ পাতায়

## ন্যাবার্ডে ১৫৯ অ্যাসিস্ট্যান্ট

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট' পদে ১৫৯ জন ছেলেমেয়ে নিচেছ।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০%

☞ এরপর ২ পাতায়

## মহারাষ্ট্র ব্যাঙ্কে ৬০০ অ্যাপ্রেন্টিস

নিজস্ব সংবাদদাতা, কলকাতা : ব্যাঙ্ক অফ মহারাষ্ট্র অ্যাপ্রেন্টিস হিসাবে ৬০০ জন ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ৩০-১১-২০২৫'এর হিসাবে ২০ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রাক্তন সমরকর্মী ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ১২,৩০০ টাকা। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় পড়তে, লিখতে ও বলতে পারা দরকার।

☞ এরপর ১১ পাতায়

পশ্চিমবঙ্গ সরকার
পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি
(সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তর)
অনুপ্রেরণায় : মাননীয়া মুখ্যমন্ত্রী
মমতা বন্দ্যোপাধ্যায়
'যোগ্যশ্রী'
সংখ্যালঘু শিক্ষার্থীদের জন্য সিভিল সার্ভিস কোচিং




অনলাইনে আবেদন করুন এই ওয়েবসাইটে : www.wbhaj.com
সময় : ১৩ জানুয়ারি, ২০২৬ থেকে ৩১ জানুয়ারি, ২০২৬
Whatsapp No. : 83349 91111 | Toll-free No. : 1800-3093-786
Contact No. : 98045 22343 / 93333 80662 / 98310 99886

SCHOOL OF MEDICAL TECHNOLOGY
Government Recognised Institute
JANUARY 2026 SESSION
ADMISSION NOTICE
ADMISSION NOW OPEN!



West Bengal State Council of Technical & Vocational Education and Skill Development.
Government of West Bengal
COURSE NAME
MEDICAL LABORATORY ASSISTANT
DURATION - 1 YEAR INCLUDING OJT
Approved by Department of Health and Family Welfare Government of W.B
Affiliated Institute
School of Medical Technology
(A stand alone Paramedical college under Ministry of Education, Govt. of India)
+91 9231520480 / 9874760012
24 Girish Chandra Bose Road (3rd floor) Kolkata- 14 - Near Sealdah Moulali

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

### স্কুল-কলেজ-শিক্ষা

**NIOS রবীন্দ্র BOSSE**
মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, B.Sc, MA, D.Pharm-সহ যেকোনো ডিগ্রি করুন। শেওড়াফুলি - 7003156422.
R

**কর্মসংস্থান**
শ্রেণিবদ্ধ বিজ্ঞাপনের
জন্য
সরাসরি যোগাযোগ
✆:7890135514

### ব্যবসা-বাণিজ্য

কলকাতার একটি জনপ্রিয় টিশার্ট ব্র্যান্ড West Bengal জুড়ে এলাকাভিত্তিক Reseller (affiliate partner) চাই ছে। Online reseller-রাও স্বাগত। ইচ্ছুক ব্যক্তিরা সাক্ষাতের/ইন্টারভিউ-এর জন্য আগে থাকতে Slot Book করুন নিচের নাম্বারে। Limited spot. M: 8100875490 Interview details : Date : 27.01.2026, Venue : Awfis, 15th Floor, Acropolis Mall, Rajdanga, Kolkata - 700107, Time 10 AM to 4 PM.
SH

### স্কুল-কলেজ-শিক্ষা

NSDC & BSS অনুমোদিত ফিজিওথেরাপি, Optometry, প্যাথোলজি (DMLT), X-RAY কোর্সে ভর্তি চলছে। CBMC 32, সূর্য সেন স্ট্রীট, কলি-9, (M)-7980637213
CM

### কর্মখালি

**URGENT VACANCY**
কলকাতা মেট্রোরেলে বিভিন্ন পদে স্থায়ী কাজ। M/F উভয়েই আবেদনযোগ্য। মাধ্যমিক-স্নাতক। বেতন : 18,000 –49,000. থাকা ও খাওয়ার সুব্যবস্থা-সহ PF, ESI, ছুটি ও বোনাস। M : 9907851148
SA(A)

Reinigen Techno India Group-এ 6 মাসের ট্রেনিং নিয়ে Income করুন 20K (P.M.)। ট্রেনিং চলাকালীন আয় 9K, বয়স : (18–26), যোগ্যতা : H.S. Pass, শূন্যপদ : 10, Thakurnagar - 9800045661
MS

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

### কর্মখালি

**WBSEDCL-এ লোক চাই**
(কন্ট্রাক্টরের অধীনে) পঃবঃ প্রতি শহর/গ্রামের জন্য ST, SC-দের বিশেষ সুবিধা। বেতন : (23K–52K) OT-সহ অন্যান্য সুবিধা। যোগ্যতা : ৮ম-উর্দ্ধে। J.A - 7384623142
SP

Apply to the Secretary RKVM Sarada Ma Girls' College, Talikhola, Nabapally, Barasat, Kol-126, Mob : 8981228053, Email : rkvm.smgc@ymail.com apply through Emall only within 07 days for post of Faculty in Physiology. Qualification - UGC Norms. Lab Assistant in Microbiology. Qualification - B.Sc (Microbiology) Desirable : M.Sc. (Microbiology). Only Female candidates.
R

**URGENT VACANCY**
কোলকাতা মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে স্থায়ী পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : HS – স্নাতক ও উর্দ্ধে। বেতন : (21,700 –68,900)। M : 8282037663
SA(A)

### কর্মখালি

**AIRPORT JOB**
এয়ারপোর্টে বিভিন্ন অফিসিয়াল ও লেবার পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP–স্নাতক ও উর্ধ্বে। বেতন : (21700/- –69900/-), বয়স : (18–45), যোগাযোগ - M : 8282044522
SA(A)

**EAST–WEST**
মেট্রোরেলে কন্ট্রাক্টরের অধীনে অফিসিয়াল পদে সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S.–স্নাতক ও উর্দ্ধে। বেতন : (21700 –69900). M : 9051263229
SA(A)

### কর্মখালি

**WBSEDCL (বিদ্যুৎ)**
কন্ট্রাক্টরের অধীনে প্রতি শহরে ও গ্রামে পঃবঙ্গের সব কটি জেলায় লোক নিয়োগ। ST/SC-দের বিশেষ অগ্রাধিকার। যোগ্যতা: ৮ম-স্নাতক। বেতন : (23000–70000) OT-সহ অন্যান্য সুবিধা। 9163375496
SP

WBSEDCL–এ কন্ট্রাক্টরের অধীনে বিভিন্ন সরকারি পোস্টে নিজ জেলায় M/F নিয়োগ। যোগ্যতা : ৮ম-স্নাতক ও উর্ধ্বে। বেতন : 22300/- –68,900/- H.R : 7872613162
SA(A)

## বিশেষ বিজ্ঞপ্তি

'**কর্মসংস্থান**' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। '**কর্মসংস্থান**' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেইদায়ী নয়। — সম্পাদক, **কর্মসংস্থান**

## চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফি-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**

## রিজার্ভ ব্যাঙ্কে ৫৭২

১ পাতার পর

ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রতিবন্ধী ২, প্রাঃসঃকঃ ৬। বেঙ্গালউরু ১৬টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ১)। ভোপাল ৪টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ৩)। ভুবনেশ্বর ৩৬টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৮, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৩)। চন্ডীগড় ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)। চেন্নাই ৯টি (জেনাঃ ১, ও.বি.সি. ৮)। গুয়াহাটি ৫২টি (জেনাঃ ২১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১৫, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৫)। হায়দরাবাদ ৩৬টি (জেনাঃ ২৭, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৩, ই.ডব্লু.এস. ৩)। জয়পুর ৪২টি (জেনাঃ ২০, তঃজাঃ ৮, তঃঃজাঃ ৫, ও.বি.সি. ৫, ই.ডব্লু.এস. ৪)। কানপুর ১২৫টি (জেনাঃ ৬১, তঃজাঃ ৩৩, ও.বি.সি. ১৯, ই.ডব্লু.এস. ১২)। মুম্বাই ৩৩টি (জেনাঃ ১৯, তঃউঃজাঃ ১১, ই.ডব্লু.এস. ৩)। নিউদিল্লি ৬১টি (জেনাঃ ৪০, তঃজাঃ ৪, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৬)। পটনা ৩৭টি (জেনাঃ ২৪, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ই.ডব্লু.এস. ৩)।

প্রার্থী বাছাইয়ের অনলাইন টেস্ট হবে ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ। এইসব কেন্দ্রে : আসানসোল, হুগলি, কল্যাণী, গ্রেটার কলকাতা, কলকাতা, বেরহামপুর (মুর্শিদাবাদ), শিলিগুড়ি, আগরতলা, গ্যাংটক, দিসপুর, ডিব্রুগড়, গুয়াহাটি, জোরহাট, কামরুপ, শিলচর, পটনা, রাঁচী, জামশেদপুর, বোকারো, ধানবাদ, হাজারিবাগ, শিলং, ইম্ফল।

প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে অনলাইন প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় ১২০ নম্বরের ১২০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এই ৪টি বিষয় : (১) জেনারেল ইংলিশ -৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (২) নিউমেরিক্যাল এবিলিটি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৩) রিজনিং এবিলিটি - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন, (৪) জেনারেল অ্যাওয়ারনেস - ৩০ নম্বরের ৩০টি প্রশ্ন। সময় থাকবে ৯০ মিনিট। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরেরজন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা হবে। ফল বেরোবে এপ্রিল-মে মাসে। অনলাইন টেস্টে সফল হলে 'ল্যাঙ্গোয়েজ প্রফিসিয়েন্সি টেস্ট' হবে। এরপর হবে ডাক্তারি পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন। চূড়ান্ত মেধা তালিকা তৈরির সময় অনলাইন টেস্ট, ল্যাঙ্গোয়েজ টেস্টের নম্বর দেখা হবে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীদের প্রি-এক্সামিনেশন ট্রেনিং হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.rbi.org.in এজন্য প্রথমে একটি বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের রঙিন ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান করে নিয়ে যাবেন। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে (ফটোর মাপ হতে হবে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে)। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে (সিগনেচারের মাপ হতে হবে ১০ থেকে ২০ কে.বি.'র মধ্যে)। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই.'তে স্ক্যান করবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর ফটো ও সিগনেচার আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তখন রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড-সহ সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। এছাড়াও ই-মেলে বা, এস.এম.এস.'এ রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাঠানো হবে। যেসব তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন, সেগুলি ৩ বার এডিট করার সুযোগ পাবেন। সব শেষে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফী বাবদ ৪৫০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মী হলে ৫০) টাকা দিতে হবে। অনলাইনে টাকা জমা দিতে পারবেন মাস্টার / ভিসা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, ইন্টারনেট ব্যাঙ্কিংয়ে ৪ ফেব্রুয়ারির মধ্যে।

টাকা জমা দেওয়ার অন্তত ২ দিন পর আপনার মোবাইল বা, ই-মেলে কনফার্মেশন এস.এম.এস. বা, ই-মেল পাবেন। এজন্য সঠিক মোবাইল নম্বর বা, ই-মেল আই.ডি. দেবেন। টাকা জমা দেওয়ার পর 'ই-রিসিপ্ট ও অ্যাপ্লিকেশন ফর্ম পাবেন, যা প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন।

কল্যাণী এইমস'এর পাশে গড়ে উঠেছে সরকার স্বীকৃত সেরা নার্সিং কলেজ
**SANJOY MEMORIAL ACADEMY OF NURSING AND RESEARCH**
WBNC & WBUHS স্বীকৃত
Visit Us : www.smanr.co.in
E-mail : smanr.beert@gmail.com

Courses Offered
**B.Sc নার্সিং** 60 Seats (4 Years)
**GNM নার্সিং** 60 Seats (3 Years)
Admission Open for Current Academic Session
যে কোনো বয়সের মেয়েরাই আবেদন করতে পারেন।
সবচেয়ে কম খরচে পড়ার সুযোগ
● হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না।
স্টুডেন্ট ক্রেডিট কার্ডের মাধ্যমে লোনের সুবিধা আছে।
যোগাযোগ : Gate No. 7 (Near AIIMS, Kalyani) Ballindi, Haringhata, Jagull, Kalyani - 741246
Ph. : 9903205182, 8017656252
N.B : MBS Multi-Speciality Hospital (107 Bed) coming soon in this year

## ন্যাবার্ডে ১৫৯ অ্যাসিস্ট্যান্ট

১ পাতার পর

(তপশিলী, প্রতিবন্ধী হলে সাধারণভাবে পাশ) নম্বর পেয়ে থাকলে 'ডেভেলপমেন্ট অ্যাসিস্ট্যান্ট' পদের জন্য আবেদন করতে পারেন। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিংয়ের কাজে জ্ঞান থাকতে হবে। যে রাজ্যের শূন্যপদের জন্য দরখাস্ত করবেন সেই রাজ্যের স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১-১-২০২৬'র হিসাবে ২১ থেকে ৩৫ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর, প্রতিবন্ধীরা ১০ (ও.বি.সি.'রা ১৩, তপশিলীরা ১৫) বছর ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ২০,৭০০-৫৫,৭০০ টাকা। শুরুতে মাইনে মাসে প্রায় ৩২,০০০ টাকা। শুরুতে ২ বছরের প্রবেশন। তবে আরো ১ বছর প্রবেশনে থাকতে হবে। শূন্যপদ :১৫৯টি। এর মধ্যে পশ্চিমবঙ্গ ৮টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। ওড়িশা ৮টি (জেনাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)। অসম ৫টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১)। বিহার ১টি (ও.বি.সি.)। ঝাড়খন্ড ১টি (জেনাঃ)। আন্দামান ও নিকোবর ১টি। আন্ধ্রা প্রদেশ ৭টি। ছত্তিশগড় ৫টি, গোয়া ১টি, গুজরাট ৯টি, হরিয়ানা ৩টি, হিমাচল প্রদেশ ৪টি, কর্ণাটক ৭টি, কেরল ৩টি, লাদাখ ২টি, মধ্য প্রদেশ ১০টি, মহারাষ্ট্র ৪৮টি, মণিপুর ২টি, মেঘালায় ১টি, নিউ দিল্লি ৩টি, পঞ্জাব ২টি, রাজস্থান ৫টি, তামিলনাড়ু ৯টি, উত্তর প্রদেশ ১১টি, জম্মু ও কাশ্মীর ৩টি।

প্রার্থী বাছাই হবে অনলাইনপরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে দু'টি ধাপে : প্রিলিমিনারি পরীক্ষা ও মেন পরীক্ষা। প্রিলিমিনারি পরীক্ষা হবে ২১ ফেব্রুয়ারি। ১ ঘন্টার ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন হবে অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের। এই ৩ বিষয়ের : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ ইংলিশ ল্যাঙ্গোয়েজ, (৩) টেস্ট অফ নিউমেরিক্যাল এবিলিটি।

সফল হলে মেন পরীক্ষা হবে ১২ এপ্রিল। মেন পরীক্ষায় ১০৫ মিনিটের ১৫০ নম্বরের পরীক্ষায় থাকবে এইসব বিষয় : (১) টেস্ট অফ রিজনিং, (২) টেস্ট অফ কোয়ান্টিটেটিভ অ্যাপ্টিটিউট, (৩) টেস্ট অফ জেনারেল অ্যাওয়ারনেস, (৪) টেস্ট অফ কম্পিউটার নলেজ।

এছাড়াও ৫০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের একটি প্রশ্ন হবে ইংলিশ ল্যাঙ্গোয়েজ বিষয়ে। সময় থাকবে ৩০ মিনিট।

অবজেক্টিভ টাইপের পার্টে নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্তনম্বর থেকে ১ নম্বর কাটা যাবে। এরপর হবে ইন্টারভিউ।

লিখিত পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস অ্যাডমিট কার্ডের সঙ্গেই দেওয়া হবে। অ্যাডমিট কার্ড অনলাইনেই পাবেন। এছাড়াও বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.nabard.org তপশিলী প্রার্থীদের বিনা খরচে প্রি-এক্সামিনেশন ট্রেনিং দেওয়া হবে কলকাতা, গুয়াহাটি, রাঁচী, পটনা ও শিলংয়ে। লিখিত পরীক্ষার কল লেটার একমাত্র ই-মেলে পাঠানো হবে। ডাকযোগে কোনো কল লেটার পাঠানো হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.nabard.org এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ৫৫০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## রেলের টেকনিশিয়ান পদের পরীক্ষা

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০২/২০২৫'এর টেকনিশিয়ান গ্রেড-।সিগন্যাল ও টেকনিশিয়ান গ্রেড-।।। পদের কম্পিউটার বেসড টেষ্ট হবে ৫ মার্চ থেকে ৯ মার্চ পর্যন্ত। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

# কর্মসংস্থান

Vol. 39 ■ Issue No. 4 ■ 24 January, 2026 ■ Saturday

## এক্সিম ব্যাঙ্কে ৪০ ট্রেনি

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইন্ডিয়ান এক্সিম ব্যাঙ্ক 'ম্যানেজমেন্ট ট্রেনি' পদে ৪০ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৬০% নম্বর পেয়ে যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা আবেদন করতে পারেন। ফিনান্স, ইন্টান্যাশনাল বিজনেস, ফরেন ট্রেড স্পেশালাইজেশন হিসাবে নিয়ে এম.বি.এ, পি.জি.ডি.বি.এ., পি.জি. ডি.বি.এম., এম.এম.এস. কোর্স পাশ হলে ও অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরাও যোগ্য। বয়স হতে হবে ৩১-১২-২০২৫'এর হিসাবে ☞ এরপর ১১ পাতায়

## হিন্দুস্তান অ্যারোনটিক্সে ৬২ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, ব্যারাকপুর :** হিন্দুস্তান অ্যারোনটিক্স লিমিটেড-এর ব্যারাকপুর ডিভিশন 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস' ও 'জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ৬২ জন লোক নিচ্ছে। কারা কোন ট্রেডের জন্য আবেদন করতে পারেন :

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি নেওয়া হবে এইসব ট্রেডে:** মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ☞ এরপর ১১ পাতায়

## ব্যাঙ্কে ১৩০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ইউকো ব্যাঙ্ক ট্রেড ফিনান্স অফিসার, চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর, ডেটাবেস অ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর, সফটওয়্যার ডেভেলপার, মিউরেক্স ডেভেলপার, ফিনাকেল ডেভেলপার, ক্লাউড ইঞ্জিনিয়ার, এ.আই. /এম.এল. ইঞ্জিনিয়ার, ডেটা অ্যানালিস্ট, ডেটা সায়েন্টিস্ট, সাইবার সিকিউরিটি অফিসার, ডেটা প্রাইভেসি কমপ্লাইয়েন্স অফিসার ইত্যাদি পদে ১৩০ লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ট্রেড ফিনান্স অফিসার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা ফিনান্স, ইন্টারন্যাশনাল বিজনেস, ট্রেড ফিনান্স স্পেশালাইজেশন হিসাবে এম.বি.এ. বা, পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে আর অন্তত ৬০% (তপশিলী, ও.বি.সি., প্রতিবন্ধী হলে ৫৫%) নম্বর থাকলে যোগ্য। ব্যাঙ্কিং বা, ☞ এরপর ১২ পাতায়

## ইন্ডিয়ান অয়েলে ৪০৫ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব সংবাদদাতা, মুম্বই :** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের ওয়েস্টার্ণ রিজিয়ন মার্কেটিং ডিভিশন 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (অ্যাকাউন্ট্যান্ট)', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর - স্কিল সার্টিফিকেট হোল্ডার)' ট্রেডে অ্যাপ্রেন্টিস হিসাবে ৪০৫ জন লোক নিচ্ছে।

কারা কোন ট্রেডের জন্য যোগ্য :

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইন্সট্রুমেন্টেশন :** ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -সিভিল :** সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স :** ☞ এরপর ১০ পাতায়

## নৌবাহিনীতে ২৬০ অফিসার

**নিজস্ব সংবাদদাতা, নয়াদিল্লি :** ভারতীয় নৌবাহিনী শর্ট সার্ভিস কমিশনে 'জেনারেল সার্ভিস (এক্সিকিউটিভ) জেনারেল সার্ভিস (এক্স) / হাইড্রোগ্রাফি' ও এয়ার ট্রাফিক কন্ট্রোল / অবজার্ভার /পাইলট /লজিস্টিক্স /এডুকেশন /টেকনিক্যাল (ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রিক্যাল) / সাব মেরিন ইঞ্জিনিয়ারিং পদে কাজের জন্য 'অফিসার' পদে ২৬০ জন অবিবাহিত ছেলে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস - জি.এস.(এক্স) / হাইড্রো ক্যাডার) :** ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৭৬টি। এর মধ্যে জেনারেল সার্ভিসে ৭০ ও হাইড্রো ক্যাডারে ৬।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (এয়ার ট্রাফিক কন্ট্রোল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ১৮টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (ন্যাভাল এয়ার অপারেশন্স অফিসার) (আগে অবজার্ভার নাম ছিল) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০৩ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ২০টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (পাইলট) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স ☞ এরপর ১১ পাতায়

### কর্মসংস্থান পত্রিকার উদ্যোগে উজ্জ্বল ভবিষ্যতের দিশা দেখাতে

## কাঁথিতে ১৬-১৭ জানুয়ারি কেরিয়ার ফেয়ারে ছিল উপচে পড়া ভিড়

**নিজস্ব সংবাদদাতা, কাঁথি :** পূর্ব মেদিনীপুর জেলার কাঁথিতে 'কেরিয়ার ফেয়ার'এ ভিড় উপচে পড়ল। উচ্চমাধ্যমিক পাশ করে কোন পেশায় গেলে উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে উঠবে কিংবা গ্র্যাজুয়েট হওয়ার পর চাকরি বা, কর্মমুখী কোন পেশায় গেলে ভবিষ্যৎ উজ্জ্বল হবে, তা নিয়ে 'কর্মসংস্থান' পত্রিকা, Appointment & Career News, সুখবর দৈনিক পত্রিকার উদ্যোগে ১৬ ও ১৭ জানুয়ারি পূর্ব মেদিনীপুর জেলার কাঁথির 'দ্য পি. কে প্যালেস'এ 'কেরিয়ার ফেয়ার-২০২৬' হয়। পূর্ব মেদিনীপুর ও পশ্চিম মেদিনীপুর জেলার উচ্চমাধ্যমিক পরীক্ষার্থী, উচ্চমাধ্যমিক পাশ ও ☞ এরপর ৫ পাতায়

## সহজেই আইনের কোর্স পাশ করে আইনজীবী পেশায় প্রতিষ্ঠিত হয়ে উঠুন

**বিশেষ প্রতিবেদন :** মধ্য কলকাতার আমহার্স্ট স্ট্রিটের 'ল পয়েন্ট' ভারত তথা পশ্চিমবঙ্গে এক বিশ্বস্ত শিক্ষা প্রতিষ্ঠান। প্রায় ২৫ বছর ধরে সুনামের সঙ্গে পশ্চিমবঙ্গ-সহ ভারতের Bar Council of India স্বীকৃত Law College থেকে LL.B (3 yrs.), LL.B (5 yrs.) ও LL.M-এ দায়িত্ব সহকারে ভরতি করাচ্ছে। 'ল পয়েন্ট' থেকে সবরকম গাইড নিয়ে প্রায় ৩ হাজার জন ছাত্রছাত্রী 'ল' পাশ করে আইনি পেশায় প্রতিষ্ঠিত হয়েছেন। 'ল পয়েন্টে'র কিছু ছাত্রছাত্রী সরকারি ও বেসরকারি এবং বিভিন্ন গুরুত্বপূর্ণ সংস্থার 'ল' অফিসার হিসাবে সুনামের সঙ্গে চাকরি করছেন। যেসব শিক্ষিত বেকার যুবক-যুবতী ভবিষ্যৎ অনিশ্চয়তার মধ্যে হতাশা ও দীশাহীনভাবে দিন কাটাচ্ছেন, তাঁরা 'ল' পয়েন্টে'র মাধ্যমে LL.B পাশ করে আইনি পেশার মাধ্যমে নিজেকে প্রতিষ্ঠিত করে তুলুন। এটা শুধুমাত্র Law পড়ানোর কোচিং সেন্টার নয়, এখানে Law পাশ করে কীভাবে এই পেশায় নিজেকে প্রতিষ্ঠিত করবেন তার সব সহযোগিতা ও গাইড দেওয়া হয়। এই প্রতিষ্ঠানের মাধ্যমে High Court ও Lower Court Visit এবং ইন্টার্ণশিপেরও ব্যবস্থা করানো হয়। এই প্রতিষ্ঠানের কর্ণধার Advocate P. K. Das, M.A (Double), LL.M. তিনি কলকাতা হাইকোর্টের একজন প্রতিষ্ঠিত আইনজীবি হিসাবে প্রায় ২৪ বছর প্র্যাক্টিস করছেন। ওনার সব ধরনের সহযোগিতা Law পাশ করার ক্ষেত্রে ও পাশ করার পর প্র্যাক্টিসের ক্ষেত্রে সব ছাত্রছাত্রীদের দিশা দেখাচ্ছেন। তাছাড়া Law পাশ করার পর Bar Council-এর Enrolment ও সর্বোপরি All India Bar Council Exam (AIBE) দায়িত্ব সহকারে পড়িয়ে একচান্সে পাশ নিশ্চিত করাচ্ছেন। তাই যেসব স্নাতক যুবক-যুবতীরা উদ্দেশ্যহীন বা দিশাহীনভাবে জীবনযাপন করছেন, তাঁরা 'ল' পয়েন্টে আসুন। LL.B ভর্তি হয়ে ও Law পাশ করে আইনজীবি হিসাবে নিজের ভবিষ্যৎ প্রতিষ্ঠিত করুন। এখানে যেকোনো বয়সে LL.B পড়ানো হয়। LL.B (3 yrs.)-এর জন্য যোগ্যতা দরকার যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. আর LL.B (5 yrs.)-এর জন্য যে কোনো বোর্ড / কাউন্সিল থেকে H.S পাশ ও 45% নম্বর। তপশিলী জাতি ও উপজাতিদের ক্ষেত্রে 40%. উপরে উল্লিখিত যোগ্যতা থাকলেই যে কোনো বয়সে যে কোনো ব্যক্তি LL.B পড়তে পারেন Bar Council স্বীকৃত Law College থেকে। LL.B পাশ করার পর 50% নম্বর থাকলে আপনি LL.M (2 yrs.) পাশ করে Law College-এর পড়ানোর পেশা হিসাবে বেছে নিতে পারেন। তাই শিক্ষিত বেকার যুবকযুবতীদের Law পড়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান 'ল' পয়েন্টে 2026-2027 Session ভর্তির জন্য নাম রেজিস্ট্রেশন করুন ও নিজের ভবিষ্যৎ সুনিশ্চিত করুন। যোগাযোগের ঠিকানা : Law Point, 17, Raja Rammohan Ray Sarani, Amherst Street, Kolkata – 700 009 (Near Sardhananda Park) Mob : 98369 22534, 98319 33390, 98301 32343.

### রাজ্য সরকারের যোগ্যশ্রী প্রকল্পে পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটির উদ্যোগে

## সংখ্যালঘু ছেলেমেয়েদের বিনা খরচায় IAS/IPS/ সিভিল সার্ভিস অফিসার হওয়ার ট্রেনিং কোর্সে ভরতি

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** পশ্চিমবঙ্গ সরকারের সংখ্যালঘু সম্প্রদায় ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটি 'যোগ্যশ্রী' প্রকল্পে IAS / IPS /সিভিল সার্ভিস অফিসার হওয়ার জন্য কোচিং দিচ্ছে। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েদের বিনামূল্যে আবাসিক কোচিং দেওয়া হবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট সংখ্যালঘু সম্প্রদায়ের ছেলেমেয়েরা আবেদন করতে পারবেন। গত কয়েক বছরে এখান থেকে বহু প্রার্থী আজ রাজ্য ও কেন্দ্রীয় সরকারের উচ্চপদে কর্মরত। সিভিল সার্ভিস পরীক্ষার প্রস্তুতির জন্য শীর্ষস্তরের ইউ.পি.এস.সি. কোচিং নিতে পশ্চিমবঙ্গ রাজ্য হজ কমিটিতে যোগ দিতে পারেন। এখানে বিশেষভাবে নির্মিত পরিকাঠামো, বিশেষজ্ঞ শিক্ষকদের নির্দেশে নিয়মিত মক টেস্টের ব্যবস্থা আছে। উন্নত লাইব্রেরির ব্যবস্থা আছে (ওয়াই-ফাই সহ)।

আগ্রহী প্রার্থীরা দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.wbhaj.com আরো বিস্তারিত তথ্য জানতে যোগাযোগ করুন এই ঠিকানায় : II-A/26, অ্যাকশন এরিয়া-।।, নিউ টাউন, রাজারহাট, কলকাতা-৭০০ ০১৬০। ফোন : 98045 22343, 9333380662, 9831099886, হোয়াটসঅ্যাপ : 8334991111, টোল ফ্রি নং : 1800 3093 786 আরো বিস্তারিত তথ্য পাবেন এই সংখ্যার ১নং পৃষ্ঠার মূল বিজ্ঞাপনে।

## রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের পরীক্ষা

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০১/২০২৫'এর অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের কম্পিউটার বেসড টেস্ট হবে ১৬ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে।

## রেলের প্যারা মেডিক্যাল পদের পরীক্ষা

ভারতীয় রেলের বিভিন্ন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বিজ্ঞপ্তি নং ০৩/২০২৫'এর প্যারা মেডিক্যাল (কম্পিউটার বেসড টেস্ট) হবে ১০ মার্চ থেকে ১২ মার্চ পর্যন্ত। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইটে। এছাড়াও লগ ইন করুন : www.rrbapply.gov.in

## যোগ্যশ্রী প্রকল্পে বিনা খরচে ইঞ্জিনিয়ারিং ও মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষার প্রস্তুতি

### প্রতি মাসে প্রত্যেক শিক্ষার্থী পাবেন ৩০০ টাকা করে স্টাইপেন্ড

**সুব্রত সেন, কলকাতা :** রাজ্য সরকারের অনগ্রসর শ্রেণি কল্যাণ দফতর ও আদিবাসী উন্নয়ন বিভাগের উদ্যোগে তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ২,০০০ জন ছেলেমেয়েদের, স্কুল শিক্ষা বিভাগ ও সংখ্যালঘু বিষয়ক আর মাদ্রাসা শিক্ষা বিভাগের সহযোগিতায় জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ের ৩,০০০ জন পড়ুয়াকে 'ওয়েস্ট বেঙ্গল জয়েন্ট, জয়েন্ট এন্ট্রান্স মেইন ও সর্বভারতীয় মেডিক্যাল (নিট)'এর প্রবেশিকা পরীক্ষার বিনামূল্যে কোচিং দেওয়া শুরু হচ্ছে। রাজ্যে প্রতিটি জেলার সদরের ৫০টি কেন্দ্রে তপশিলী জাতি ও আদিবাসী ছেলেমেয়েদের আর ৬০টি কেন্দ্রে জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ের ছেলেমেয়েদের নিয়ে মোট ১১০টি কেন্দ্রে ৫,০০০ জন পড়ুয়াকে এই কোচিং দেবে রাজ্য সরকার।

সপ্তাহে শনি ও রবিবার নিয়মিত ৪ ঘন্টা করে অফলাইন ক্লাস করানো হবে। যেখানে থাকবে বিনামূল্যে বিষয়ভিত্তিক বাংলা ও ইংরিজি মাধ্যমের উন্নত মানের স্টাডি মেটেরিয়াল, মোটিভেশনাল ক্লাস, নিয়মিত মক টেস্ট। রাজ্য সরকারের সহযোগিতায়, 'ন্যাশনাল কম্পিউটার সাক্ষরতা মিশন' এই কোচিং দেবে। ছেলেমেয়েদের মাসে ৩০০ টাকা করে স্টাইপেন্ড দেওয়া হবে।

**আবেদন প্রক্রিয়া :**

(১) আবেদন প্রক্রিয়া চলছে। অনলাইন, অফলাইন ও এই কাগজের ৬ আর ৭ নম্বর পাতায় বিজ্ঞাপনে দেওয়া 'স্ক্যানার'এর মাধ্যমে স্ক্যান করে সরাসরি মোবাইল থেকেও এই কোচিংয়ের জন্য আবেদন করা যাবে।

(২) একাদশ শ্রেণির সায়েন্স বিষয়ের ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। (৩) তপশিলী জাতি, আদিবাসী ও ওবিসি সম্প্রদায়ের ছেলেমেয়েদের কাস্ট সার্টিফিকেটের প্রত্যয়িত কপি জমা দিতে হবে। (৪) পারিবারিক বার্ষিক আয় ৩ লাখ টাকার মধ্যে হতে হবে। (৫) ইনকাম সার্টিফিকেট জমা দিতে হবে। (৬) স্টাইপেন্ড নেওয়ার জন্য পড়ুয়াদের ব্যাঙ্ক অ্যাকাউন্ট ডিটেলস দিতে হবে। (৭) স্ক্রিনিং কমিটির মাধ্যমে নির্বাচিত মেধা তালিকায় থাকা ছেলেমেয়েরাই কোচিংয়ের সুযোগ পাবেন। (৮) যেকোনো তথ্যের জন্য বিজ্ঞাপনে থাকা ২টি হেল্পলাইন নম্বরে ফোন করলে সহায়তা পাবেন। (৯) আবেদনের শেষ তারিখ : ২৮/০১/২০২৬ রাত ১২টা পর্যন্ত।

**তপশিলী ও আদিবাসী ছেলেমেয়েদের আবেদনের পদ্ধতি :** www.wbbcdev.webstep.in ওয়েবসাইটে অনলাইনে সরাসরি ফর্ম ফিল আপ করতে পারবেন বা, এই ওয়েবসাইট থেকে ফর্ম ডাউনলোড করে ফিল আপ করে পড়ুয়ারা যে সেন্টারে আবেদন করবেন, সেখানে জমা দিতে পারবেন। তপশিলী জাতির পড়ুয়ারা মাধ্যমিকে ৬০% ও আদিবাসী পড়ুয়ারা ৫০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারবেন।

**জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ের ছেলেমেয়েদের আবেদনের পদ্ধতি :** www.wbbcdev.webstep.in ওয়েবসাইট থেকে অনলাইনে সরাসরি ফর্ম ফিল আপ করা যাবে বা, এই ওয়েবসাইট থেকে ফর্ম ডাউনলোড করেও ফিল আপ করে পড়ুয়ারা যে সেন্টারে আবেদন করবেন সেখানে জমা দিতে পারবেন। ওবিসি জাতির পড়ুয়ারা মাধ্যমিকে ৬৫% আর জেনারেল ও মাইনরিটি পড়ুয়ারা ৭০% নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারবেন।

**বিশেষভাবে উল্লেখযোগ্য :** তপশিলী ও আদিবাসী সম্প্রদায়ের ছেলেমেয়েরা যদি জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ের পড়ুয়াদের কেন্দ্রে আবেদন করেন অথবা একইরকম বিপরীত ঘটনা ঘটলে সেই আবেদন বাতিল করা হবে।

# চাকরির পরীক্ষায় 'ভূগোলেতে গোল নয়...'

*সামনেই রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বেশ কিছু গুরুত্বপূর্ণ পরীক্ষা রয়েছে। এইসব পরীক্ষায় 'জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স' পেপার থাকবে। এই পেপারের অন্যতম গুরুত্বপূর্ণ বিষয় হল 'ভূগোল'। অন্যান্য সব বিষয়ের মতোই এই বিভাগেরও সেইভাবে কোনো তথাকথিত সিলেবাস নেই। অথচ ওই বিষয়ের ওপর বিভিন্ন পরীক্ষায় অনেক প্রশ্নই আসবে। তাই চাকরির পরীক্ষায় এই অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের ওপর কীভাবে প্রস্তুতি নিলে ভালো ফল করা যাবে বা, বিষয়ভিত্তিক পরীক্ষার্থীদের প্রস্তুতির পন্থা, সিলেবাস, বই ও টিপস নিয়ে আলোচনা করলেন রাজ্য তথা দেশের সরকারি চাকরির প্রস্তুতির সেরা সংস্থা, রাইস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়।*



রাইস-অ্যাডামাস গ্রুপের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান অধ্যাপক (ডঃ) সমিত রায়

**ভূগোলের গুরুত্ব :** WBCS ও WBPSC পরীক্ষায় ভূগোলের সব প্রশ্ন প্রায় সব সরকারি পরীক্ষার সাধারণ জ্ঞান অংশে থাকে, বিশেষত WBCS-এর প্রিলিমস ও Mains-এর General Studies পত্রে। এ বিষয়ে ভাল ধারণা থাকলে শুধু জেনারেল নলেজ নয়, Environment, Ecology, Biodiversity, Disaster Management-এর মতো গুরুত্বপূর্ণ টপিকও সহজে আয়ত্ত করা যায় পশ্চিমবঙ্গ ও ভারতের ভূগোলের ওপর ভালো দখল থাকলে জেলা-কেন্দ্রিক, মানচিত্রভিত্তিক, পরিবেশ সংক্রান্ত প্রশ্নে বাড়তি সুবিধা পাওয়া যায়। ভূগোল বিষয়টি আপেক্ষিকভাবে কম সময়ের মধ্যে প্রস্তুত করা যায় ও পাবলিক সার্ভিস কমিশনের পরীক্ষায় সাধারণ জ্ঞানের প্রায় ১৫%-২০% প্রশ্ন ভূগোল থেকে আসে।

WBCS পরীক্ষার প্রিলিমিনারি স্তরে ২০০ নম্বরের মধ্যে ২৫ নম্বর বা তার বেশি ভূগোল বিষয়ের জন্য বরাদ্দ থাকে ও মেইন পরীক্ষায় জেনারেল স্টাডিস পেপার ১ এর ২০০ নম্বরের মধ্যে ১০০ নম্বর ভূগোল, যা অত্যন্ত গুরুত্বপূর্ণ। বিগত এক দশকের প্রশ্নপত্রের বিশ্লেষণ স্পষ্ট ইঙ্গিত দেয় যে, ভূগোল শুধু একটি সাধারণ বিষয় নয়; এটি WBCS পরীক্ষার 'গেম চেঞ্জার' বা সাফল্যের মূল চাবিকাঠি।

**WBCS ও WBPSC-র পরীক্ষায় ভূগোলের সিলেবাস :**

মানচিত্রভিত্তিক প্রশ্ন: ভারতের ও পশ্চিমবঙ্গের প্রধান নদী, পাহাড়, শহর, বনাঞ্চল, নৌপথ, শিল্পাঞ্চল,সম্পদ, শিল্প, কাঁচামাল, শিল্পাঞ্চল, পরিবহন ব্যবস্থা, গুরুত্বপূর্ণ প্রকল্প

**পরিবেশ :** ভূগোল, জলবায়ু পরিবর্তন, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ সংরক্ষণ।

**প্রস্তুতির কৌশল :** NCERT ও মানচিত্র প্রস্তুতির ভিত্তি গড়ুন NCERT (Class 6-12) বই থেকে, এতে সহজ ভাষার পাশাপাশি মৌলিক ধারণা পাওয়া যায়। পুরোনো NCERT বইয়ের ভাষা অনেক বেশি সহজবোধ্য। একটি ভালো আকারের অ্যাটলাস রাখুন, মানচিত্র চর্চা করুন নিয়মিত।

**Reference Books :** *India: A Comprehensive Geography by D.R. Khullar, Geography of India : Arvind Kumar, West Bengal Geography* এর জন্য পছন্দমতো যে কোন ভালো বই।

**সিলেবাস ও প্রশ্ন বিশ্লেষণ :** টপিকভিত্তিক গুরুত্বপূর্ণ অধ্যায় চিহ্নিত করুন-বিগত বছরের সব প্রশ্নপত্র ঘেঁটে দেখুন কী ধরণের প্রশ্ন আসে, কোন টপিকে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। সাধারণত ভারতের ও পশ্চিমবঙ্গের ভূগোলের গুরুত্বপূর্ণ অংশগুলি হলো -

**ভারতের ভূগোল** - Physical geography, climate, drainage, vegetation, soils, minerals, rivers.

**পশ্চিমবঙ্গ ভূগোল** - Location, physiographic divisions, climate, rivers, soils, agriculture, mining. (বিগত বছরের প্রশ্নপত্র বিশ্লেষণ করলে দেখা যায়, প্রিলিমিনারি পরীক্ষায় ২৫টি প্রশ্নের মধ্যে প্রায় ১০-১২টি প্রশ্নই পশ্চিমবঙ্গ কেন্দ্রিক হয়ে থাকে। যেখানে সামান্য পরিশ্রমে ভালো নম্বর তোলা সম্ভব, কারণ পশ্চিমবঙ্গের ভূগোলের সিলেবাস ভারতের ভূগোলের তুলনায় অনেক সংক্ষিপ্ত)।

**বিশ্ব ভূগোল** - Important world mountains, rivers, continents, physical and human geography.

**বর্তমান সময়ের ভূগোল** - পরিবেশ, পরিবেশ সংরক্ষণ, ভূমিকম্প, দুর্যোগ, জলবায়ুর পরিবর্তন।

বর্তমান সময়ের ভূগোল সম্পর্কিত সংবাদ, সরকারি প্রকল্প, পরিবেশ সংক্রান্ত খবর নিয়মিত সংগ্রহ করুন। পরিবেশ, বইভিত্তিক বিষয় ও পরিসংখ্যান টেবিল প্রস্তুত করুন, বিশেষভাবে পশ্চিমবঙ্গের চাষ, শিল্প, নদী, জেলার জনগণসংখ্যা ইত্যাদি। ভূগোল মনে রাখতে মানচিত্র, গঠন, ডায়াগ্রাম ব্যবহার করুন, এতে তথ্য অনেক দ্রুত মনে থাকে।

**টেস্ট ও রিভিশন :** নিয়মিত টেস্ট দিন, নিজের দুর্বল টপিক বারবার পড়ুন, শেষ মুহূর্তে রিভিশনের জন্য সংক্ষিপ্ত নোট প্রস্তুত করুন।

**ভূগোলের প্রস্তুতির পরিবেশ ও ধারাবাহিকতা :** প্রতিদিন অন্তত ১ ঘণ্টা করে পড়ুন, প্রতি সপ্তাহে একটি নির্দিষ্ট টপিক শেষ করুন। টেস্ট পেপার ও মক টেস্ট দিন, এতে প্রশ্নের ধরন বুঝতে সুবিধা হবে।

**ঘন ঘন পড়াশোনা ও পুনরাবৃত্তি :** তথ্য মনে রাখতে রিভিউ পদ্ধতি ব্যবহার করুন।

ভূগোলের প্রস্তুতিতে ইন্টারনেটের সাহায্য নিন: অনলাইন মানচিত্র, অ্যাপ, অনলাইন ক্লাস, ইউটিউব।

**শেষ কথা:** সঠিক বই, রুটিন ও প্রশ্নপত্র বিশ্লেষণ-এই ৩টি বিষয় শৃঙ্খলা মেনে করলে WBCS সহ WBPSC-এর পরীক্ষা ও জেনারেল নলেজ অংশে ভূগোলে ভালো নম্বর পাওয়া যায়। নিয়মিত মানচিত্র চর্চা ও আপডেটেড তথ্য অনুসরণ করাও সফলতার চাবিকাঠি।

# ৮,০৩২ হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভ

১ পাতার পর

চিফ হিউম্যান রিসোর্সেস অফিসার (CHRO) সাজি ম্যাথু-এর মতে, "যেকোনো বড়ো কোম্পানির সম্পদ হল **কম্পিটিটিভ স্ট্রং** ওয়ার্কফোর্স। অর্থাৎ, যার ম্যানপাওয়ার যত বেশি এফিশিয়েন্ট, তার ব্যবসায় তত বেশি উন্নতি। আর তাই যদি কোনো কোম্পানি ব্যবসা বাড়াতে চায়, তাহলে সে সবচেয়ে বেশি গুরুত্ব দেবে তার কর্মীদের ভালো থাকার ওপর। বেসরকারি প্রতিষ্ঠানের মধ্যে কর্মসংস্থান-এর দিক থেকে দেশের দ্বিতীয় বড় সংস্থা হল ইনফোসিস। আর এই বহুজাতিক টেক জায়েন্ট-এ কাজ করেন ৩,২৩,৫৭৮ (মার্চ, ২০২৫ পর্যন্ত নেওয়া তথ্য অনুযায়ী) জন কর্মী। এই বিশাল সংখ্যক কর্মীর ঠিকঠাক দেখভাল ও পরিচালনা করার মধ্যেই লুকিয়ে আছে Infosys-এর সুখ্যাতি ও সফলতা। আধুনিক যুগে যে কোম্পানি, যত ভালোভাবে কর্মী পরিচালনা বৈজ্ঞানিক পদ্ধতিতে করে থাকে, সেই কোম্পানির হোলিস্টিক ও স্ট্র্যাটেজিক গ্রোথ সবচেয়ে বেশি হয়। তাই আজ সারা পৃথিবীর মধ্যে Infosys-এর ওয়ার্কফোর্সের কোনো তুলনা নেই। আর এই পুরো ওয়ার্কফোর্স ঠিকঠাক মতো পরিচালনা করার দায়িত্বে রয়েছেন ৩,০১২ জন হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্টের ডেডিকেটেড কর্মী। তাই আমাদের মতো সব কোম্পানিতেই প্রত্যেক বছর এই বিভাগে সবচেয়ে বেশি সংখ্যক ছেলেমেয়ে চাকরি পায়।" এই উদাহরণ থেকে এটা সহজেই অনুমেয়, সারা বছর ধরে প্রতিটি সংস্থায় HR বিভাগেই সবচেয়ে বেশি স্কিলড ছেলেমেয়ের প্রয়োজন হয়। অর্থাৎ, একজন সাধারণ মানের গ্রাজুয়েট ঠিকঠাক মতো জায়গা থেকে হিউম্যান রিসোর্স ট্রেনিং নিলে প্রথম সারির যেকোনো কোম্পানিতে তার 'স্বপ্নের কেরিয়ার' খুব সহজেই তৈরি করতে পারবে। ভালো জায়গা থেকে HR ট্রেনিং নেওয়া থাকলে, শুরুতেই প্যাকেজ হয় বছরে ১,৮০,০০০/- থেকে ২,১৬,০০০/- টাকা — যা অন্য কোনো ডিপার্টমেন্টে যোগ দিলে পাওয়া যায় না। সারা দেশের কয়েক হাজার কোম্পানিতে সবথেকে বেশি স্কিলড লোক নিয়োগ হয় 'Talent Acquisition (HR)' পদে। উল্লেখ্য, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে ১০,০০০ থেকে ১৫,০০০ 'Talent Acquisition (HR)' নিয়োগ হয়। এদের মূল কাজ হয় ইন্টারভিউয়ের মাধ্যমে কোম্পানির জন্য সেরা ছেলেমেয়েদের রিক্রুট করা, কোম্পানির কর্মীদের পারফরম্যান্স রিভিউ করা, অ্যাটেনডেন্স ঠিকঠাক মতো হচ্ছে কিনা সেই বিষয়ে নজর রাখা, কর্মীদের পারস্পরিক বোঝাপড়া সুদৃঢ় করা, যোগ্যতা অনুযায়ী ঠিকঠাক সময় কর্মীদের পদোন্নতি, স্যালারি ও কমপেনসেশন ম্যানেজমেন্ট (ESI, PF, Gratuity ইত্যাদি) অত্যন্ত গুরুত্বপূর্ণ প্যারামিটারের ব্যাপারে সম্পূর্ণরূপে খেয়াল রাখা। অর্থাৎ এককথায় বলতে গেলে কর্মীদের সঙ্গে সংশ্লিষ্ট কোম্পানির ম্যানেজমেন্টের যোগসূত্র স্থাপন করাই একজন হিউম্যান রিসোর্স এক্সিকিউটিভের কাজ। তাই প্রতিটি কোম্পানিতে এই পদের গুরুত্ব অপরিসীম। তাই সারা বছর ধরে সবচেয়ে বেশি সংখ্যক কর্মসংস্থান হয় এই পদে। আর এই বিপুল সংখ্যক পদে আবেদনের জন্য ঠিক কী ধরনের যোগ্যতা লাগে ও ঠিক কীভাবে নিজেকে তৈরি করলে ৩ থেকে ৬ মাসের মধ্যেই অতি দ্রুত এই ধরনের চাকরি পাবেন, তা জানতে আমরা কথা বলেছিলাম রাজ্যের প্রথম সারির হিউম্যান রিসোর্স আউটসোর্সিং সংস্থা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এর সঙ্গে। সংস্থার CEO ও প্রতিষ্ঠাতা অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আজকের যুগে দাঁড়িয়ে এমন কোনো কোম্পানি নেই যেখানে HR Executive লাগে না। উদাহরণ হিসাবে বলা যায়, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে HR ডিপার্টমেন্টে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ আশ্চর্য এই যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের ট্রেনিং নিলে এই সেক্টরে চাকরি পাওয়া যাবে, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। foundit.com এর গত ১ বছরের ডেটা অ্যানালিসিস করে দেখা গেছে, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে HR ট্রেনিং খুব মন দিয়ে শেখে, তাহলে রাজ্যের তথা দেশের নামিদামি কোম্পানিতে ৩ মাসের মধ্যেই ভালো মাইনের চাকরি পাবেই।' এই বিভাগে সবচেয়ে বেশি লোক নেওয়া হয় **Talent Acquisition** (HR) পদে। যেকোনো শাখায় গ্র্যাজুয়েশন পাশ করা ছেলেমেয়েরা খুব সহজে এই ধরনের ট্রেনিং নিতে পারবেন। এই বিভাগে প্রত্যেক সপ্তাহে কলকাতার ৮০ থেকে ১০০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে HR Executive হিসাবে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্য বললেন যে, 'প্রতিটি কোম্পানিতেই HR বিভাগে স্কিলড লোকজন দরকার। তাই এখানে সারা বছর ধরে এত সংখ্যক নিয়োগ হয়।' এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে CEO জানালেন, 'রাজ্যের মধ্যে এখন HR ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবথেকে ওপরে। কারণ : (১) একমাত্র এখানেই HR বিভাগের এন্ট্রি লেভেল নিয়োগ তথা, **Talent Acquisition (HR)** পদের জন্য আলাদাভাবে ট্রেনিং দেওয়া হয়। (২) এই ট্রেনিং দেওয়া হয় ২টি পর্যায়-এ — প্রথমে ৩ মাসের বেসিক ট্রেনিং, তারপর যাঁরা আরো ভালো পে-প্যাকেজ চায়, তাঁদের জন্য আছে ৬ মাসের স্পেশাল প্রফেশনাল ট্রেনিং — এই ধরনের ২ পর্যায়ের ট্রেনিং আর কোথাও ভাবাই যায় না। (৩) একমাত্র এখানেই ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির কোম্পানিতে ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ১০,০০০ থেকে ১২,০০০ টাকা দেওয়া হয়। (৪) এই সংস্থার সঙ্গে দেশের ও রাজ্যের প্রথম সারির কোম্পানিগুলির এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে ইন্টার্নশিপ শেষ হলে চাকরির জন্য কেউ বসে থাকে না। ৩ মাসের বেসিক ট্রেনিং করার পর নিয়োগ হয় **'Talent Acquisition (HR)'** পদে। তখন শুরুতেই মাইনে হয় মাসে ১২,০০০ থেকে ১৫,০০০ টাকা। আর ৬ মাসের প্রফেশনাল ট্রেনিং নিলে **'HR Executive'** (স্যালারি মাসে ১৫,০০০ থেকে ১৮,০০০ টাকা) এমনকি সরাসরি **'HR Manager'** (স্যালারি মাসে ২০,০০০ থেকে ২৫,০০০ টাকা) পদেও নিয়োগ হতে পারে। (৫) এই ট্রেনিংয়ের অত্যন্ত গুরুত্বপূর্ণ ফিচার যেমন **Interview Conduction Process, Workforce Management Technique, Employee Performance Management, Attendance Management, Employee Relations, Selection & Recruitment Management, Performance & Compensation Management**-এর ওপর আলাদাভাবে ক্লাস নেওয়া হয়। ফলে এখানকার ছেলেমেয়েরা কেরিয়ারের শুরুতেই ইন্ডাস্ট্রির সেরা সেরা কোম্পানি থেকে আলাদাভাবে অফার পায় — যা অন্য কোথাও ভাবাই যায় না। (৬) এছাড়াও, আমাদের ট্রেনিংয়ে **ESI, PF, Gratuity ও Updated Labour Laws**-এর ওপর আলাদাভাবে সেশন নেওয়া হয় — যাতে এখানকার ছেলেমেয়েরা এইসব স্ট্যাচুটরি ব্যাপারে খুবই দক্ষ থাকে — যা তাঁদেরকে প্রথম সারির যেকোনো বহুজাতিক সংস্থার ইন্টারভিউ ক্র্যাক করতে সাহায্য করবে। ফলে প্রথম থেকেই তাঁদের কাছে ভালো পে-প্যাকেজ পাওয়ার সুযোগ থাকবে। অর্থাৎ এখান থেকে পাশ করলে যাতে ইন্ডাস্ট্রিতে সবথেকে ভালো মাইনের অফার পায়, তা নিশ্চিত করা হয়। তাই এখানে অনেকেই ট্রেনিং শেষে একসঙ্গে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৭) এখানে সেরা সেরা HR Manager-রাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন, যাতে এখানকার ছেলেমেয়েরা সবথেকে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৮) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্টে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা **HR Executive** হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে খুব সহজেই প্রতিষ্ঠিত করতে পারে। (৯) একমাত্র এখানেই 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (১০) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা বহুজাতিক কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (১১) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবথেকে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে। আর কোর্স ফি-র ওপর ৪০% স্কলারশিপের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই শুরুতে মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৩ থেকে ৬ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, Ambuja Neotia Eco Station, BP Block (11th Floor), Salt Lake, Kolkata, West Bengal 700091.

**শুধুমাত্র গ্র্যাজুয়েশন যোগ্যতায় ৩ থেকে ৬ মাসের মধ্যে বছরে ১,৪৪,০০০ টাকা থেকে ১,৮০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ১০০টি থেকে ১৩০টি কোম্পানিতে ২,০০০ থেকে ৪,০০০ চাকরি হয়।**

# জেলা স্বাস্থ্য দফতরে ৪৬ নার্স

১ পাতার পর

ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৬৪ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ (NUHM) : ৪টি (জেনাঃ ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ১)।

**স্টাফ নার্স-XVFC :** জি.এন.এম. কোর্স পাশরা পশ্চিমবঙ্গ বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলে যোগ্য। বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। স্থানীয় ভাষায় দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ৬৪ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৫,০০০ টাকা। শূন্যপদ : ১৭টি (জেনাঃ ৬, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ১)।

**কমিউনিটি হেল্থ অ্যাসিস্ট্যান্ট :** রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. বা, জি.এন.এম. কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে। বাংলা ভাষায় জ্ঞান থাকলে যোগ্য। সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। বয়স হতে হবে ২১ থেকে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ১৩,০০০ টাকা। শূন্যপদ : U-HWC-তে ২৩টি (জেনাঃ ১০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ১, ই.ডব্লু.এস. ২, ও.বি.সি.-এ ক্যাটেগরি ২, ও.বি.সি.-বি ক্যাটেগরি ২)।

**ব্লক ডাটা ম্যানেজার :** যে কোনো শাখার গ্র্যাজুয়েটরা কম্পিউটার অ্যাপ্লিকেশনের ১ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে যোগ্য। কম্পিউটারে এম.এস. অফিস, পাওয়ার পয়েন্ট, এক্সেল, অ্যাকসেস ও ইন্টারনেট সংক্রান্ত কাজে জ্ঞান থাকতে হবে। সরকারি সংস্থায় অন্তত ৩ বছর আর বেসরকারি সংস্থায় অন্তত ৫ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ১টি (তঃউঃজাঃ)।

**ল্যাবরেটরি টেকনিশিয়ান :** ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা মেডিক্যাল ল্যাব টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বি.এম.এল.টি. কোর্স পাশরাও যোগ্য। সেল কাউন্টার ও এইচ.পি.এল.সি. মেশিন সংক্রান্ত কাজে অভিজ্ঞতা থাকলে ভালো হয়। বয়স হতে হবে ৪০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২২,০০০ টাকা। শূন্যপদ : ১টি (তঃজাঃ)।

সব ক্ষেত্রে বয়স গুণতে হবে ১-১-২০২৬'এর হিসাবে। তপশিলী, ও.বি.সি.'রা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের মেমো নং : CMOH-MSD/DHFWS/290, Dated: 09-01-2026.

প্রার্থী বাছাই হবে ইন্টারভিউয়ের মাধ্যমে। কবে কোথায় পরীক্ষা হবে তা ওয়েবসাইটে পাবেন।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৮ জানুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.murshidabad.gov.in, www.wbhealth.gov.in এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলে নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, ও.বি.সি. ৫০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## সংশোধনী

গত সংখ্যার (১৭-১-২০২৬) 'কর্মসংস্থান' পত্রিকায় 'ডিসান অ্যাকাডেমির টেক অফ স্কিলস-এ অভূতপূর্ব সাড়া' শীর্ষক প্রতিবেদনের হেডিংয়ে ভুল করে 'টেস্ট অফ স্কিলস'এর বদলে 'টেক অফ স্কিলস' বেরিয়েছে। এই অনিচ্ছাকৃত ভুলের জন্য আমরা দুঃখিত।

# ভারতীয় রেলে হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর পদে কীভাবে চাকরি পেয়েছি



বিজয়লক্ষ্মী ঘোষ

বোলপুর শান্তিনিকেতনের মেয়ে আমি। বাবার বদলির চাকরির জন্য দিল্লিতে আমার স্কুল জীবন কাটে। পরে কলকাতায় এসে সুরেন্দ্রনাথ কলেজ থেকে ২০১৬ সালে বিএসসি পাশ করি। ডিগ্রি কোর্স পাশ করার পর ২/৩ বছর স্বেচ্ছাসেবী সংস্থায় চাকরি করি। এরপর স্যানিটরি ইন্সপেক্টর কোর্সের কথা জানতে পেরে ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেলথ ট্রেনিং-এ (২২৬, বি বি গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা ১২) ১ বছরের স্যানিটরি ইন্সপেক্টরের কোর্সে ভরতি হয়েছিলাম। পূর্ব ভারতের কেন্দ্রীয় সরকার স্বীকৃত এই কোর্সটি একমাত্র এখানেই পড়ানো হয়। ২০১৯ এর ব্যাচ ছিলাম। চাকরির জন্য বেশি দিন বসে থাকতে হয়নি।

ভারতীয় রেলের (এমপ্লয়মেন্ট নোটিস ০৪/২০২৪) বিজ্ঞপ্তি দেখে হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর গ্রেড থ্রি পদের জন্য আমি নর্থ ফ্রন্টিয়ার বিভাগের জন্য আবেদন করেছিলাম। শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয় কেমিস্ট্রি নিয়ে বি এসসি পাশ ও সেইসঙ্গে কোনো স্বীকৃত প্রতিষ্ঠান থেকে স্যানিটরি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ। বয়সসীমা ছিল ১-১-২০২৫ হিসাবে ১৮ থেকে ৩৬ বছরের মধ্যে। শূন্যপদ ছিল ২৭টি। এই পদের জন্য ৯০ মিনিটের কম্পিউটার বেসড টেস্ট (সিবিটি) নেওয়া হয়। মোট ১০০ নম্বরের পরীক্ষায় ছিল প্রফেশনাল এবিলিটির (স্যানিটরি ইন্সপেক্টরের) ৭০ নম্বরের ৭০টি প্রশ্ন, জেনারেল আওয়ারনেস ১০ নম্বরের ১০টি প্রশ্ন, জেনারেল অ্যারিথমেট্রিক/ জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিংয়ে ১০ নম্বরের ১০ টি প্রশ্ন আর জেনারেল সায়েন্স ছিল ১০ নম্বরের ১০টি প্রশ্ন। লিখিত পরীক্ষায় কোয়ালিফাই করার পর কোনো ইন্টারভিউ নেওয়া হয়নি। নথিপত্র যাচাই করা হয়। চূড়ান্ত সফল হয়ে গত বছরের ২৫ নভেম্বর চাকরিতে যোগ দিয়েছি। আমার পোস্টিং হয় নিউ বঙ্গাইগাঁও-এ। হেলথ অ্যান্ড ম্যালেরিয়া ইন্সপেক্টর পদের বেতন মাইনে ৩৫,৪০০। তার সঙ্গে রয়েছে ডিএ আর এইচআরএ। হাতে পাচ্ছি প্রায় ৬২,০০০ টাকা। এই পদে চাকরি করতে খুব ভালো লাগছে। প্রসঙ্গত বলা দরকার এর আগে মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের মাধ্যমে রামপুরহাট মিউনিসিপ্যালিটিতে স্যানিটরি ইন্সপেক্টর পদে নির্বাচিত হয়েছিলাম কিন্তু তার মধ্যে রেলের চাকরি পাই। তাই আর মিউনিসিপ্যালিটিতে জয়েন করিনি।

এই মুহূর্তে স্যানিটরি ইন্সপেক্টর খুব সম্ভাবনাময় ও উজ্জ্বল পেশা। স্যানিটরি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্স পাশ করার পর ভারতীয় রেল, পোর্ট, পুরসভা, মিউনিসিপালিটিতে প্রচুর চাকরির সুযোগ আছে। কোর্স পাশ করার পর কাউকে চাকরির জন্য বসে থাকতে হয় না।

গতবারের মতো এবারেও
কমন পেতে হলে কিনুন
রেলের গ্রুপ 'ডি'
ও
স্কুল সার্ভিসের Gr.-C & Gr.-D
পদের পরীক্ষায় কৃতীদের তৈরি মডেল প্রশ্নোত্তর হোয়াটসঅ্যাপে পেতে ফোন করুন :
6291684943
সাফল্য সাফল্য
সাধারণ জ্ঞান
প্রতিটি মাত্র ৩০০/- টাকা

পশ্চিমবঙ্গ সরকার স্বীকৃত

## মেডিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট কোর্স করে চাকরির সুযোগ

স্কুল অফ মেডিক্যাল টেকনোলজিতে মেডিক্যাল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট ১ বছর কোর্সে ভর্তি শুরু হয়েছে। এই কোর্সটি পশ্চিমবঙ্গ স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট দ্বারা স্বীকৃত। ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার পশ্চিমবঙ্গ সরকার দ্বারা অনুমোদিত। এছাড়াও DMLT (প্যাথলজি, OT, DPT (ফিজিওথেরাপি)) কোর্সে ভর্তি চলছে।

**মেডিকেল ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট (MLA) কোর্স:** এই কোর্সটি হলো এমন একটি প্রশিক্ষণ যা শিক্ষার্থীদের ক্লিনিকাল ল্যাবরেটরিতে নমুনা (রক্ত, টিস্যু ইত্যাদি) সংগ্রহ, বিশ্লেষণ এবং পরীক্ষা করার জন্য প্রয়োজনীয় দক্ষতা শেখায়, যা রোগ নির্ণয় ও চিকিৎসায় সহায়তা করে, এটি একটি ডিপ্লোমা কোর্স এবং এর মাধ্যমে ল্যাবরেটরি টেকনিক, সরঞ্জাম ব্যবহার ও মেডিকাল টার্মিনোলজিতে প্রশিক্ষণ দেওয়া হয়, যাতে তারা টেকনোলজিস্টদের অধীনে কাজ করতে পারে।

**কোর্সটির মূল বিষয়বস্তু:** • **নমুনা ব্যবস্থাপনা:** রক্ত সংগ্রহ, নমুনা প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ।

• **পরীক্ষাগার কৌশল:** বিভিন্ন রাসায়নিক ও মাইক্রোবায়োলজিক্যাল পরীক্ষা। • **সরঞ্জাম পরিচালনা:** ল্যাবরেটরির যন্ত্রপাতি ব্যবহার ও রক্ষণাবেক্ষণ। • **বিশ্লেষণ:** পরীক্ষার ফলাফল বোঝা ও রিপোর্ট তৈরি করা।

• **মেডিক্যাল টার্মিনোলজি:** স্বাস্থ্যসেবার জন্য প্রয়োজনীয় শব্দভাণ্ডার শেখা।

**যোগ্যতা :** সায়েন্স শাখায় উচ্চ মাধ্যমিক পাস ছাত্রছাত্রীরা এই কোর্সটি করতে পারেন। **কাজের ক্ষেত্র:** হাসপাতাল ও ক্লিনিকের ল্যাবরেটরি, গবেষণা প্রতিষ্ঠান, ডায়াগনস্টিক সেন্টার ইত্যাদি। আজকের দিনেভারত সহ সমগ্র বিশ্বে সার্ভিস সেক্টরের মধ্যে সবথেকে বেশি নিয়োগের চাহিদা বাড়ছে হেলথ কেয়ার সেন্টারে। অনেক ছাত্রছাত্রী কোর্স করে বসে আছে কারণ তাদের মধ্যে ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা না থাকায় চাকরি পাচ্ছেন না। আপনাকে এমন এক প্রতিষ্ঠান থেকে নিজেকে প্রশিক্ষণ নিতে হবে যাঁরা হাতে কলমে আধুনিক টেকনোলজিতে আপনাকে ইন্ডাস্ট্রির চাহিদা অনুযায়ী গড়ে তুলবে। এখানেরয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস পরিশ্রম করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান করে তুলতে সাহায্য করে। স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি এমন একটি প্রতিষ্ঠান যাদের সাথে পশ্চিমবঙ্গের প্রথম সারির সকল হসপিটাল ও হেলথ কেয়ার সেক্টরের চুক্তি হয়েছে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি, ২৪ গিরিশ চন্দ্র বোস রোড, এন্টালি, মৌলালী, কলকাতা-৭০০০১৪, মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ৯৮৭৪৭৬০০১২ ওয়েবসাইট : www.ssmtskill.com

## CIPETএ বিভিন্ন প্লাস্টিক্স কোর্সে ভর্তি

নিজস্ব সংবাদদাতা, হলদিয়া : কেন্দ্রীয় সরকারের রাসায়নিক ও সার মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইনস্টিটিউট অফ পেট্রোকেমিক্যাল ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (CIPET) ৪টি প্লাস্টিক্স টেকনোলজির কোর্সে ভর্তি নিচ্ছে। কোর্সের নাম, শিক্ষাগত যোগ্যতা ও মেয়াদ হল: (১) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি, যোগ্যতা : মাধ্যমিক, মেয়াদ : ৩ বছর (২) ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি, যোগ্যতা ও মেয়াদ আগের মতো। (৩) পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স প্রসেসিং অ্যান্ড টেস্টিং, যোগ্যতা : বিজ্ঞান শাখার ৩ বছরের ডিগ্রি কোর্স পাশ, মেয়াদ : দু বছর। (৪) পোস্ট ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড ডিজাইন উইথ CAD/CAM, যোগ্যতা : মেকানিক্যাল/ প্লাস্টিক্স/ পলিমার/ টুল/ টুল অ্যান্ড ডাই মেকিং/প্রোডাকশন/মেকাট্রনিক্স/ অটোমোবাইল / পেট্রোকেমিক্যালস/ ইন্ডাস্ট্রিয়াল/ ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং বা টেকনোলজির ডিপ্লোমা কোর্স পাশ বা DPMT/DPT বা সমতুল কোর্স পাশ। মেয়াদ: দেড় বছর। বয়সের কোনো কড়াকড়ি নেই। ছেলে ও মেয়েদের থাকার জন্য আলাদা হস্টেলের ব্যবস্থা আছে। যারা ফিজিক্স, কেমিস্ট্রি ও ম্যাথামেটিক্স বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশ করবে অথবা যেকোনো শাখায় আই টি আই পাশ ছেলেমেয়েরা (উচ্চমাধ্যমিকে ওপরের ৩টি বিষয়ও থাকতে হবে) ল্যাটারাল এন্ট্রির মাধ্যমে DPT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স টেকনোলজি) বা DPMT (ডিপ্লোমা ইন প্লাস্টিক্স মোল্ড টেকনোলজি)এর দ্বিতীয় বর্ষে সরাসরি ভর্তি হতে পারেন। আসন সংখ্যা সীমিত। যারা ফাইনাল পরীক্ষা দিয়েছেন তারাও যোগ্য। কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। CIPET ADMISSION TEST–2026এর মাধ্যমে ভর্তি নেওয়া হবে। অনলাইন আবেদনের শেষদিন ২৮ মে। সিপেট পরীক্ষার দিন ৭ জুন। সফলদের প্লেসমেন্টে সাহায্য করা হয়। অনলাইনে আবেদন করতে হবে এই লিঙ্কে: https://cipet26.onlineregistrationform.org/CIPET/ ফোন: 9002132328, 9749042189, Website: www.cipet.gov.in

Jadavpur University
Clinical Research Centre (CRC)
In Collaboration with
Manipal Hospital, Kolkata
announces Certificate Course in "Pharmacovisilence in Clinical Research".
Duration : 9 months,
Eligibility : Graduate (Science) and Above.
Last Date of Application 30 January 2026.
100% Job Assistance.
Cont. : 9088401354

## 'ট্যালি অ্যাকাডেমি'র সেরা স্বীকৃতি অ্যাওয়ার্ড ২০২৬ : সমাজ গঠনে অনন্য অবদানের স্বীকৃতি



'ট্যালি অ্যাকাডেমি'র সেরা স্বীকৃতি অ্যাওয়ার্ড ২০২৬ অনুষ্ঠানে বাঁদিক থেকে যথাক্রমে দেবশ্রী রায়, শুভঙ্কর রায়, ফুটবলার দীপেন্দু বিশ্বাস, স্নেহাংশু মান্না, ইন্দ্রনীল মুখার্জি, অভিনেতা ভাস্কর চট্টোপাধ্যায়।

সুব্রত সেন, কলকাতা : সমাজ, শিক্ষা, সংস্কৃতি, স্বাস্থ্য, ক্রীড়া, শিল্প, সাহিত্য, সাংবাদিকতা ও মানবসেবার বিভিন্ন ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখা বিশিষ্ট ব্যক্তিত্বদের সম্মান জানাতে 'ট্যালি অ্যাকাডেমি'র উদ্যোগে আয়োজিত হল 'সেরা স্বীকৃতি অ্যাওয়ার্ড ২০২৬'। ৯ জানুয়ারি এই গৌরবময় অনুষ্ঠানে সমাজের বিভিন্ন স্তরের গুণী মানুষদের অবদানকে স্বীকৃতি প্রদান করা হয়।

এবছর এই বিশেষ অনুষ্ঠানের মিডিয়া পার্টনার হিসাবে যুক্ত ছিল জনপ্রিয় সংবাদ ও তথ্যভিত্তিক মাধ্যম 'সুখবর' ও চাকরি ও কেরিয়ার বিষয়ক বিশ্বস্ত প্ল্যাটফর্ম 'কর্মসংস্থান' পত্রিকা। এই পত্রিকার সক্রিয় সহযোগিতায় অনুষ্ঠানটির বার্তা আরো বৃহৎ পরিসরে সাধারণ মানুষের কাছে পৌঁছে যায়।

অনুষ্ঠানে ছিলেন সমাজের বিভিন্ন ক্ষেত্রের বিশিষ্ট ব্যক্তিবর্গ, শিক্ষাবিদ, সংস্কৃতিকর্মী, সাংবাদিক ও বিশিষ্ট অতিথিরা। তাঁদের উপস্থিতি ও উৎসাহে অনুষ্ঠানটি এক অনন্য মর্যাদা লাভ করে।

'ট্যালি অ্যাকাডেমি'র পক্ষ থেকে জানানো হয়, 'এই সম্মাননা শুধুমাত্র একটি পুরস্কার নয়, বরং সমাজের জন্য কাজ করা মানুষের প্রতি আমাদের কৃতজ্ঞতা ও অনুপ্রেরণার প্রকাশ।' সেরা স্বীকৃতি অ্যাওয়ার্ড আগামী দিনেও সমাজ গঠনে অবদান রাখা মানুষদের পাশে থাকবে ও নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করার এই ধারা অব্যাহত রাখবে — এমনটাই জানিয়েছে আয়োজক সংস্থা।

## নিজের রোজগারে ট্রেনিং নিয়ে দেশ-বিদেশের পাঁচতারা হোটেলে সরাসরি চাকরি



নিজস্ব সংবাদদাতা, বারাকপুর : কেন্দ্রীয় সরকার ও ISO স্বীকৃত অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান CIHM-Central Institute of Hotel and Hospitality Management College. মধ্যবিত্ত ও নিম্নবিত্ত পরিবারের ছেলেমেয়েদের জন্য প্রফেশনাল ট্রেনিং দিয়ে সরাসরি চাকরির সুযোগ করে দিচ্ছে। বিগত ১০ বছর ধরে CIHM হসপিটালিটি সেক্টরে Hotel Management, Hospital Management, Cruise Ships Management কোর্সগুলির ১ থেকে ৩ বছরের ট্রেনিং করিয়ে ও ভর্তির সময় লিখিত Job Bond দিয়ে দেশ ও বিদেশের বিভিন্ন সংস্থা, TAJ, ITC, JW MARRIOTT-এর মত নামিদামী পাঁচ তারা হোটেল, হসপিটাল, জাহাজ ও বিভিন্ন হসপিটালিটি সেক্টরে থাকছে চাকরির সুযোগ। বয়সসীমা ১৮ থেকে ২৬ বছর। মাধ্যমিক, উচ্চমাধ্যমিক বা গ্র্যাজুয়েশন উত্তীর্ণ ছেলেমেয়েরা, যাঁরা এই মুহূর্তে চাকরির চেষ্টা করছেন তারাও CIHM-এর মাধ্যমে সরাসরি ট্রেনিং নিয়ে চাকরি পেতে পারেন। আসন সংখ্যা সীমিত। ভর্তির জন্য আজই যোগাযোগ করুন : 9330364982, 6290510340. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস। এছাড়াও রাজ্যের সব জেলা ও শহর থেকে শিক্ষার সঙ্গে যুক্ত ব্যক্তিরা এডুকেশন ওয়েলফেয়ারের জন্য CIHM সাথে যুক্ত হয়ে নিজেদের ও ছেলেমেয়েদের ভবিষ্যৎ উজ্জ্বল করুন। এই ব্যাপারে বিশদে জানতে আজই যোগাযোগ করুন এই নম্বরে : 8013990366. কলকাতা, ব্যারাকপুর ক্যাম্পাস।

## কেরিয়ার ফেয়ারে উপচে পড়া ভিড়

৩ পাতার পর



গ্র্যাজুয়েট শত শত পরীক্ষার্থী লাইন দিয়ে নাম রেজিস্ট্রেশন করে কেরিয়ার ফেয়ার ঘুরে দেখেন। উল্লেখ্য, এই কেরিয়ার ফেয়ারে দেশের প্রায় ৩৭টি নামি দামি বিশ্ববিদ্যালয়, কলেজ ও শিক্ষা প্রতিষ্ঠান ছিল। মেদিনীপুর জেলার ছেলেমেয়েরা এধরনের অভিনব কেরিয়ার ফেয়ারে এসে তাঁদের ভবিষ্যতের দিশা খুঁজে পান। এখানে এসে প্রত্যেক পড়ুয়া তাঁদের পছন্দসই কেরিয়ারের ব্যাপারে খুঁটিনাটি জানার সুযোগ পাওয়ায় খুশি।

ফেয়ারে ছেলেমেয়েদের অভূতপূর্ব সাড়ায় উদ্যোক্তরা অভিভূত। তাই এবার গতবারের চেয়ে আরো বেশি করে, রাজ্যের বিভিন্ন জেলায় এইরকমই নতুন [illegible] ইন্টারঅ্যাক্টিভ 'কেরিয়ার ফেয়ার' হবে। [illegible] জেলায় ফেয়ার হলে, তখন তা 'কর্মসংস্থান' [illegible] আগাম জানানো হবে।

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য

# পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ ও আদিবাসী উন্নয়ন বিভাগ

## রাজ্যের তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2027 এর কোচিং

**একাদশ শ্রেণী (Class XI) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।**

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 60% (SC) / 50% (ST) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্ধ্ব : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Bagdah | Helencha High School | 9062508020 |
| 2 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbihari Institution For Girls' | 7980491213 |
| 3 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 4 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N Mukherjee High School | 9547693365 |
| 5 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 6 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 7 | 24 Parganas (South) | Canning | Canning David Sassoon High School | 9832589036 |
| 8 | 24 Parganas (South) | Namkhana | Namkhana Narayan Vidyamandir | 9002218385 |
| 9 | Bankura | Bankura Town | Bankura Girls' High School | 8436909827 |
| 10 | Bankura | Khatra | Khatra Girls' High School | 9932441044 |
| 11 | Bankura | Bishnupur | K G Engineering College | 9064983267 |
| 12 | Howrah | Bagnan | Bagnan Girls' High School | 8697803520 |
| 13 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 14 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 15 | Purba Bardhaman | Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 16 | Purba Bardhaman | Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 17 | Purba Bardhaman | Katwa | Katwa Kashiram Das Institution | 7602707070 |
| 18 | Pashchim Medinipur | Medinipore Town | Keranitola Shree Shree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 19 | Pashchim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 20 | Paschim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Siksha Sadan | 8972758235 |
| 22 | Purulia | Manbazar | Manbazar Radhamadhab Institution | 9064916112 |
| 23 | Purulia | Purulia Town | Chittaranjan Boys' School | 7601803873 |
| 24 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 25 | Alipurduar | Madarihat | Madarihat High School | 9434179669 |
| 26 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 27 | Birbhum | Rampurhat | Rampurhat J L Vidyabhaban | 7872781448 |
| 28 | Coochbehar | Coochbehar Town | Maharaja Nripendra Narayan High School | 8597656655 |
| 29 | Cooch Behar | Dinhata | Dinhata Soni Devi Jain High School | 8370840256 |
| 30 | Cooch Behar | Mathabhanga | Mathabhanga High School | 9775141222 |
| 31 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 32 | Uttar Dinajpur | Islampur | Islampur Girls' High School | 8535825379 |
| 33 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 34 | Darjeeling | Siliguri Town | Siliguri Boys' High School | 8918639742 |
| 35 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall | 9609700422 |
| 36 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School | 8391935711 |
| 37 | Jalpaiguri | Malbazar | Malbazar Adarsha Vidyapith | 9832086741 |
| 38 | Jalpaiguri | Dhupguri | Bairatiguri High School (Hs) | 8436813588 |
| 39 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 40 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Institution | 9679641846 |
| 42 | Nadia | Krishnanagar | Krishnagar AV High School | 9614894091 |
| 43 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 44 | Nadia | Ranaghat | Ranaghat Debnath Institution for Girls | 7029321302 |
| 45 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 46 | Murshidabad | Berhampore | Gorabazar Ishwar Chandra Institution | 9433555999 |
| 47 | Kolkata | Jodhpur Park | Jodhpur Park Boys' High School | 6291691563 |
| 48 | Hooghly | Arambag | Sub-Divisional Library, Arambag | 9732768763 |
| 49 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 50 | Hooghly | Tarakeshwar | Tarakeswar Girls' Primary School | 9732628739 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও https://wbbcdev.webstep.in থেকে Download করা যাবে।
28/01/2026 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা Online এ আবেদন করতে হবে : - https://wbbcdev.webstep.in

Scan to apply online

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

**Head Office:**
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদ জানতে যোগাযোগ করুন
9903740075
9123906966

# রাজ্যের জেনারেল, ওবিসি ও মাইনরিটি সম্প্রদায়ভুক্ত ছাত্রছাত্রীদের জন্য

## পশ্চিমবঙ্গ সরকার
## অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ

সহযোগিতায় :- স্কুল শিক্ষা বিভাগ এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

## রাজ্যের GENERAL, OBC, MINORITY সম্প্রদায়ভুক্ত ছাত্র-ছাত্রীদের যোগ্যশ্রী প্রকল্পে বিনামূল্যে JEE / WBJEE / NEET - 2027 এর কোচিং

**একাদশ শ্রেণী (Class XI) বিজ্ঞান বিভাগে পাঠরত ছাত্র-ছাত্রীরা ভর্তির জন্য আবেদন করতে পারবেন।**

আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা :

1. মাধ্যমিক / সমতুল পরীক্ষায় অন্তত 65% (OBC) / 70% (GEN, MINORITY) নম্বর প্রয়োজন। 2. পরিবারের বার্ষিক আয় অনূর্ধ্ব : 3,00,000/- ।

**300 টাকা মাসিক স্টাইপেন্ড দেওয়া হবে।**

জেলাভিত্তিক প্রশিক্ষণ কেন্দ্র

| Sl. No | District | Location | Address | Contact No |
|---|---|---|---|---|
| 1 | 24 Parganas (North) | Barasat | Noapara Rashbehari Institution For Girls' | 7980491213 |
| 2 | 24 Parganas (North) | Barrackpore | Naihati Narendra Vidyaniketan | 8910194802 |
| 3 | 24 Parganas (North) | Bashirhat | Bhabla Tantra Sir R.N. Mukherjee High School | 9547693365 |
| 4 | 24 Parganas (North) | Bongaon | Bongaon High School | 9088596596 |
| 5 | 24 Parganas (North) | Habra | Prafullanagar Vidyamandir (HS), Habra-Prafullanagar | 6291304399 |
| 6 | 24 Parganas (South) | Canning | Canning David Sassoon High School | 9832589036 |
| 7 | 24 Parganas (South) | Diamond Harbour | Bharat Sevashram Sangha Pranab Vidyapith HS | 9614459239 |
| 8 | 24 Parganas (South) | Kakdwip | Sundarban Adarsha Vidyamandir | 9735819042 |
| 9 | 24 Parganas (South) | Baruipur | Madarat Popular Academy | 9674461209 |
| 10 | Bankura | Bankura Town | Bankura Girls' High School | 8436909827 |
| 11 | Bankura | Bankura Town | Bankura Christian Collegiate School | 9851972512 |
| 12 | Bankura | Bishnupur | K G Engineering College | 9064983267 |
| 13 | Bankura | Khatra | Khatra Girls' High School | 9932441044 |
| 14 | Howrah | Bagnan | Bagnan Girls' High School | 8697803520 |
| 15 | Howrah | Howrah Sadar | Jogesh Chandra Girls High School | 8777383953 |
| 16 | Howrah | Uluberia | Nona High School | 8348003442 |
| 17 | Purba Bardhaman | Burdwan | Krishnapur High School | 8918943234 |
| 18 | Purba Bardhaman | Kalna | Kalna Maharaja High School | 6295333698 |
| 19 | Purba Bardhaman | Katwa | Katwa Kashirampur Das Institution | 7602707070 |
| 20 | Pashchim Medinipur | Sabang | Sabang Saradamoyee High School | 9732208125 |
| 21 | Pashchim Medinipur | Medinipur Town | Keranitola Sree Sree Mohanananda Vidyamandir | 9832125087 |
| 22 | Paschim Medinipur | Garhbeta III | Gourav Guin Memorial College | 9563832484 |
| 23 | Paschim Medinipur | Ghatal | Ghatal Vidyasagar High School | 8942990304 |
| 24 | Paschim Medinipur | Kharagpur | Kharagpur Traffic High School | 6295997083 |
| 25 | Purba Medinipur | Contai | Contai Kishorenagar Sachindra Sikshasadan | 8972758235 |
| 26 | Purba Medinipur | Egra | Egra Jhatulal High school | 7044569613 |
| 27 | Purba Medinipur | Haldia | Haldia High School | 7548901755 |
| 28 | Purba Medinipur | Mecheda | Hakola High School | 9674698248 |
| 29 | Purba Medinipur | Nandakumar | Basudevpur Maharaja Nandakumar High school | 8972758235 |
| 30 | Purba Medinipur | Tamluk | Rajkumari Santanamoyee Girls' High School | 9641817766 |
| 31 | Birbhum | Rampurhat | Rampurhat J L Vidyabhaban | 7872781448 |
| 32 | Birbhum | Suri | Birbhum Zilla High School | 9800189265 |
| 33 | Cooch Behar | Cooch Behar Town | Maharaja Nripendra Narayan High School | 8597656655 |
| 34 | Uttar Dinajpur | Raiganj | Sudarsanpur Dwarika Prasad Uchcha Vidyachakra | 8436510006 |
| 35 | Dakshin Dinajpur | Balurghat Town | Balurghat High School | 9932923534 |
| 36 | Darjeeling | Siliguri Town | Siliguri Boys' High School | 8918639742 |
| 37 | Darjeeling | Darjeeling Town | Minority Meeting Hall | 9609700422 |
| 38 | Jalpaiguri | Jalpaiguri Town | Ananda Model High School | 8391935711 |
| 39 | Jhargram | Jhargram | Jhargram Kumud Kumari Institution | 9635238730 |
| 40 | Kalimpong | Kalimpong | Jubilee School | 8001377249 |
| 41 | Malda | Chanchal | Chanchal Sidheswari Instituion | 9679641846 |
| 42 | Malda | Malda Town | Malda Bibhutibhusan High School | 7797919580 |
| 43 | Malda | Malda Town | Sujapur High School (HS) | 9800209191 |
| 44 | Nadia | Chakdaha | Chakdaha Ramlal Academy (HS), Old Building | 7029321302 |
| 45 | Nadia | Kalyani | Kalyani University Experimental High School | 9903740075 |
| 46 | Nadia | Nakashipara | Bethuadahari JCM High School | 9064671765 |
| 47 | Murshidabad | Jangipur | Jangipur High School | 9002415171 |
| 48 | Murshidabad | Berhampore | Gorabazar Iswar Chandra Institution | 9433555999 |
| 49 | Murshidabad | Domkal | Dumkal Bhabataran High School (HS) | 9734809909 |
| 50 | Murshidabad | Kandi | Kandi Raj College | 9002166556 |
| 51 | Murshidabad | Lalbag | Kurmitola High School | 8250321930 |
| 52 | Kolkata | Central Kolkata | Sarat Chandra Sur Institute (HS) | 7908722360 |
| 53 | Kolkata | North Kolkata | B.T Road Govt Sponsored HS School | 9433053039 |
| 54 | Kolkata | South Kolkata | Jodhpur Park Boys' High School | 6291691563 |
| 55 | Hooghly | Arambag | Sub-Divisional Library | 8345835151 |
| 56 | Hooghly | Tarakeshwar | Tarakeshwar Girls' Primary School | 9732628739 |
| 57 | Hooghly | Bandel | Bandel Vidyamandir | 9093254101 |
| 58 | Paschim Bardhaman | Durgapur Town | Durgapur TarakNath High School | 9076903496 |
| 59 | Alipurduar | Alipurduar | Alipurduar High School | 8906209845 |
| 60 | Purulia | Purulia Town | Chittaranjan Boys' High School | 7601803873 |

আবেদনপত্র প্রশিক্ষণ কেন্দ্রে পাওয়া যাবে। এছাড়াও https://wbbcdev.webstep.in থেকে Download করা যাবে।
28/01/2026 তারিখের মধ্যে আবেদনপত্র নির্দিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রে জমা করতে হবে।
অথবা Online এ আবেদন করতে হবে : - https://wbbcdev.webstep.in

Scan to apply online

প্রশিক্ষণ রূপায়ণে ncsm

Head Office:
Beliaghata, Kolkata - 700105
www.ncsm.co.in

বিশদ জানতে যোগাযোগ করুন:
9903740075
9123906966

## প্রাইমারি চাকরির

■ ২০২২ সালের প্রাইমারি 'টেট' পাশ সার্টিফিকেট ডাউনলোড করিনি। এখন ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক কাজ করছে না। কীভাবে 'টেট' সার্টিফিকেট ডাউনলোড করব? — রূপা দাস, কোন্নগর, হুগলি।

■■ ২০২২ সালের 'টেট' পাশের সার্টিফিকেট ডাউনলোড করার লিঙ্ক এখন বন্ধ আছে। সেই সময় সার্টিফিকেট ডাউনলোড করার অনেক সময় দেওয়া হয়েছিল। যাঁরা সার্টিফিকেট ডাউনলোড করতে পারেননি, তাঁরা প্রাথমিক শিক্ষা পর্ষদের অফিসে যোগাযোগ করতে পারেন।

## রেলে চাকরির

■ রেলের অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? — সায়ান দাস, ঠাকুরনগর, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, বেরোবে। বিজ্ঞপ্তি নং ১/২০২৫'র অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট পদের সি.বি.টি. টেস্ট হবে ১৬ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি পর্যন্ত।

■ রেলের গ্রুপ-ডি পদে ২২,০০০ শূন্যপদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? গ্রুপ-ডি পদের বেলায় কি আই.টি.আই. পাশ হওয়া বাধ্যতামূলক? — তাপস দাস, উলুবেড়িয়া, হাওড়া। মহঃ আজিজ, বিরাটি, উত্তর ২৪ পরগনা।

■■ রেলের গ্রুপ-ডি পদের বেলায় দরখাস্ত নেওয়া শুরু হবে ২০ জানুয়ারি থেকে ২০ ফেব্রুয়ারি পর্যন্ত। রেলের গ্রুপ-ডি পদের জন্য মাধ্যমিক পাশরা যোগ্য। আই.টি.আই. পাশ হলেও আবেদন করতে পারবেন। তবে আই.টি.আই. পাশ বাধ্যতামূলক নয়।

■ রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির যে পরীক্ষা হল, তার পরীক্ষা ফী'র টাকা ফেরৎ দেওয়া শুরু হয়েছে কি? — কাজল দাস, বহরমপুর, মুর্শিদাবাদ।

■■ না।

■ আর.পি.এফ.'এর নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? — সুনিতা তরফদার, নদিয়া।

■■ এখনো ঠিক হয়নি।

## পি.এস.সি.'র

■ পিএসসি ক্লার্কশিপ পরীক্ষায় প্রেফারেন্স হিসাবে ডিরেক্টরেট, সেক্রেটারিয়েট, রিজিওন্যাল দেওয়া থাকে। কোনটি সিলেক্ট করলে কোন কোন দফতরে চাকরি পাওয়া যায়? এ বিষয়ে বিস্তারিত তথ্য জানালে ভালো হয়? এই পদ থেকে পদোন্নতির সুযোগ কেমন হয়? — জাভেদ আখতার, সোনারপুর, দক্ষিণ ২৪ পরগনা। অর্পিতা মাঝি, ফুলেশ্বর, নদিয়া।

■■ রাজ্য সরকারের অফিসগুলিকে সাধারণত ৩টি স্তরে ভাগ করা হয়। প্রথম সেক্রেটারিয়েট, দ্বিতীয় ডিরেক্টরেট, তৃতীয় রিজিওন্যাল অফিস। সেক্রেটারিয়েট দফতর হল যেখানে সাধারণত মন্ত্রীর সচিবালয় থাকে যেমন, নবান্ন, রাইটার্স বিল্ডিং, বিকাশ ভবন, উত্তরবঙ্গ কন্যা ইত্যাদি। ডিরেক্টরেট দফতর হল সংশ্লিষ্ট দফতরে প্রধান কার্যালয়ের অফিস, সেটি কলকাতায় হতে পারে কিংবা জেলায় হতে পারে। রিজিওন্যাল অফিস সব সময়ই জেলায় থাকবে। সেক্রেটারিয়েট দফতরে চাকরি পেলে পদের নাম হবে লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (এলডিএ)। এই এলডিএ থেকে আপার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট (ইউডিসি), হেড অ্যাসিস্ট্যান্ট (এইচএ) হওয়া যায়। আর ডিরেক্টরেট ও রিজিওন্যাল অফিসে চাকরি পেলে পদের নাম হবে লোয়ার ডিভিশন ক্লার্ক (এলডিসি)। এলডিসি থেকে আপার ডিভিশন ক্লার্ক (ইউডিসি) ও হেড ক্লার্ক হতে পারবেন।

■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদের জন্য শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এই পরীক্ষার বিজ্ঞপ্তি কি প্রতি বছরই বেরোয়? এবছর কি বিজ্ঞপ্তি বেরোবে? এর আগের বার যাঁরা চূড়ান্ত সফল হয়েছিলেন, তাঁরা কি সবাই চাকরিতে জয়েন করেছেন? — মনিকা ঘোষ, হাবড়া, অশোকনগর, উত্তর ২৪ পরগনা।

■■ আই.সি.ডি.এস. সুপারভাইজর পদে গত বছর যাঁরা সফল হয়েছিলেন, তাঁদের অনেকেই চাকরিতে জয়েন করেছেন। বাকিদের এখনো জয়েনিং হয়নি। এই পদের বিজ্ঞপ্তি প্রতি বছর বেরোয় না। তবে এবছর বেরোনোর সম্ভাবনা আছে। কয়েক হাজার শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া হবে। গ্র্যাজুয়েট তরুণীরা ৩৯ বছরের মধ্যে বয়স হলে যোগ্য। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা। গ্রেড পে ৩,৬০০ টাকা।

প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন। এজন্য প্রথমে প্রিলিমিনারি স্ক্রিনিং টেস্ট হবে, তারপর লিখিত পরীক্ষা হবে। তারপর ইন্টারভিউ হবে। প্রার্থী বাছাইয়ের জন্য প্রথমে ১০০ নম্বরের প্রিলিমিনারি পরীক্ষা হবে। এই পরীক্ষায় কোয়ালিফাইং নম্বর পেলে ৪০০ নম্বরের মেন পরীক্ষা। তারপর ৫০ নম্বরের ইন্টারভিউ। প্রিলিমিনারি পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল নলেজ, (খ) অ্যারিথমেটিক, (গ) টেস্ট অফ রিজনিং (ভার্বাল ও নন-ভার্বাল)। প্রতিটি প্রশ্নে থাকবে ১ নম্বর। সময় ১ ঘন্টা। নেগেটিভ মার্কিং আছে। মেন পরীক্ষায় ৪০০ নম্বরের ডেসক্রিপ্টিভ টাইপের এই ৪টি পেপার থাকবে : (ক) ইংরিজি - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (খ) বাংলা - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (গ) জেনারেল স্টাডিজ ও কারেন্ট অ্যাফেয়ার্স - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট। (ঘ) অ্যারিথমেটিক - ১০০ নম্বর। সময় ৯০ মিনিট।

■ ২০২৩ সালের ক্লার্কশিপ মেনস পরীক্ষার ফল কি এপ্রিলের মধ্যে বেরোবে? — গণেশ সরকার, জে.এন.বোস রোড, কলকাতা -১৪৬।

■■ হ্যাঁ, বেরোনোর সম্ভাবনা আছে।

## পুলিশে চাকরির

■ পুলিশের অগ্রগামী পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, প্রার্থী বাছাই পদ্ধতি জানাবেন। এবছর বিজ্ঞপ্তি বেরোবে কি? — মহঃ আজিজ, নীলগঞ্জ, বারাসাত, উত্তর ২৪ পরগনা।

■■ পশ্চিমবঙ্গ পুলিশের ডিজাস্টার ম্যানেজমেন্ট ও সিভিল ডিফেন্স বিভাগ 'ডব্লু.বি.এন. ভি.এফ. অগ্রগামী' পদে সাধারণত লোক নেওয়া হয়। তবে এই পদে প্রতি বছরই লোক নেওয়া হয় না। শূন্যপদ দেখা দিলে বিজ্ঞপ্তি দিয়ে দরখাস্ত নেওয় হয়। মাধ্যমিক পাশ ছেলেরা ন্যাশনাল ভলান্টিয়ার্স ফোর্স (ডব্লু.বি.এন.ভি.এফ.) ট্রেনিং করে থাকলে আবেদন করতে পারেন। প্রাক্তন সমরকর্মীরাও আবেদনের যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে ডব্লু.বি.এন.ভি.এফ. কর্মীদের বেলায় লম্বায় অন্তত ১৬৫ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৮ সেমি ও ফুলিয়ে ৮৩ সেমি। ওজন হতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। প্রাক্তন সমরকর্মীদের বেলায় লম্বায় অন্তত ১৬০ সেমি, বুকের ছাতি না-ফুলিয়ে ৭৬ সেমি ও ফুলিয়ে ৮১ সেমি আর ওজন থাকতে হবে উচ্চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। মূল মাইনে : ১৮,৮০০-৪৮,৭০০ টাকা। প্রার্থী বাছাই করে 'পশ্চিমবঙ্গ পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড'। মোট ২টি পর্যায়ের পরীক্ষা হয়। প্রথমে শারীরিক মাপজোখ ও শারীরিক সক্ষমতার পরীক্ষা। তাতে সফল হলে লিখিত মেন পরীক্ষা। তারপর হবে পার্সোন্যালিটি টেস্ট। শারীরিক সক্ষমতার পরীক্ষায় ২০০ সেকেন্ডে ৮০০ মিটার দৌড়তে হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে ৮৫ নম্বরের মেন পরীক্ষা। এই পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -৬০ নম্বর, (খ) অ্যারিথমেটিক (মাধ্যমিক মানের) -২৫ নম্বর। নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। সময় থাকবে ১ ঘণ্টা। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে। বিজ্ঞপ্তি বেরোলেই 'কর্মসংস্থানে' দেওয়া হয়।

■ পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের মাঠ পরীক্ষায় সফল হয়েছি। ইন্টারভিউ কবে হবে? — জাকির হোসেন, আমডাঙ্গা, উত্তর ২৪ পরগনা।

■■ সব জেলার মাঠ পরীক্ষা শেষ হবে ২১ জানুয়ারির মধ্যে। তারপর ইন্টারভিউয়ের তালিকা বেরোবে। সম্ভবত ফেব্রুয়ারির প্রথম দিকেই ইন্টারভিউ প্রক্রিয়া শুরু হবে।

# জিজ্ঞাসা

সাম্প্রতিক তথ্যে ভরা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন? এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এই নম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## স্টাফ সিলেকশনের

■ স্টাফ সিলেকশন কমিশনের কনস্টেবল (জেনারেল ডিউটি) পদের চূড়ান্ত ফল কি বেরিয়েছে? — মনোজ বিশ্বাস, কুলপি, দক্ষিণ ২৪ পরগনা।

■■ হ্যাঁ, চূড়ান্ত ফল বেরিয়েছে।

## অন্যান্য চাকরির

■ পোস্ট অফিসের গ্রামীণ ডাক বিভাগের শূন্যপদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — হিমাদ্রী সরকার, রথতলা, সোনামুখী, বাঁকুড়া। প্রিয়াঙ্কা দাস, বসিরহাট, উত্তর ২৪ পরগনা।

■■ এবছরের প্রথম দিকে বিজ্ঞপ্তি বেরোনোর সম্ভাবনা আছে।

■ পঞ্চায়েত দফতরে বিভিন্ন পদে লোক নিয়োগের বিজ্ঞপ্তি বেরিয়েছিল অনেক আগে। নাম রেজিস্ট্রেশনও শুরু হয়েছিল। কিন্তু অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হয়নি। কবে শুরু হবে? — পার্থ দাস, হুগলি।

■■ আপাতত কোনো খবর নেই।

## স্কুল সার্ভিসের

■ ডিগ্রি কোর্স পাশ করেছি। বি.এড. করা আছে। প্রাইমারি টিচার পদের জন্য দরখাস্ত করতে পারব কি? — মানসি দাস, ভদ্রেশ্বর, হুগলি। পূবালী চক্রবর্তী, পূর্ব মেদিনীপুর।

■■ না, প্রাইমারি টিচার হওয়ার জন্য ডি.এল.এড. কোর্স পাশ হতে হবে। বি.এড. পাশ হলে আপার প্রাইমারি ও নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় পরীক্ষা দিতে পারবেন।

## কলেজ সার্ভিসের

■ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের জন্য ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — পূবালী দাস, স্বরূপনগর, উত্তর ২৪ পরগনা। বিকাশ ভৌমিক, খড়গপুর, উত্তর ২৪ পরগনা।

■■ কলেজ সার্ভিস কমিশনের মাধ্যমে কলেজের অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদে নিয়োগের বিজ্ঞপ্তি বেরোবে। এই মুহূর্তে সব কলেজ থেকে শূন্যপদের তালিকা সংগ্রহের কাজ চলছে। শিগগিরই ইন্টারভিউয়ের বিজ্ঞপ্তি বেরোবে।

## ডাক বিভাগের

■ ডাক বিভাগে এবছর গ্রামীণ ডাক সেবক পদের বিজ্ঞপ্তি বেরোবে কি? — অরুণ দাস, বাদু বাজার, মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা।

■■ হ্যাঁ, ডাক বিভাগে শিগগিরই কয়েক হাজার শূন্যপদের বিজ্ঞপ্তি বেরোবে।

## কোর্স ও ট্রেনিং

■ পশ্চিমবঙ্গের বাইরের রাজ্য থেকে আই.এন.সি. স্বীকৃত প্রতিষ্ঠান থেকে এ.এন.এম. কোর্স পাশ করলে পশ্চিমবঙ্গে চাকরি পাওয়া যাবে কি? — প্রদীপ গাইন, কালনা, বর্ধমান।

■■ এ.এন.এম. কোর্সের ক্ষেত্রে পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিল স্বীকৃত প্রতিষ্ঠান থেকে পাশ হতে হবে। জি.এন.এম. বা, বি.এসসি. নার্সিং কোর্সের ক্ষেত্রে অন্য যে কোনো রাজ্য থেকে পাশ করলেই হবে, তবে তাঁদের বেলায় পশ্চিমবঙ্গ রাজ্য নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকতে হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| PSC-র মাধ্যমে রাজ্যে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষক | গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| রেলের আইসোলেটেড ক্যাটে. ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ৩১১ | ২৯-১-২৬ | সংশ্লিষ্ট রেলের ওয়েবসাইট |
| বিমানবাহিনীতে এয়ারম্যান | উচ্চমাধ্যমিক | - | ১-২-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| বিমানবাহিনীতে অগ্নিবীরবায়ু | উচ্চমাধ্যমিক | - | ১-২-২৬ | www.iafrecruitment.edcil.co.in |
| প্রতিরক্ষা কারখানায় [illegible]প্রেন্টিস | মাধ্যমিক | ৩,৯৭৭ | ফেব্রুয়ারি | https://recruit-gov.com |
| আর্মি পাব্লিক স্কুলে টি.জি.টি., পি.জি.টি., প্রাইমারি টিচার | HS, গ্র্যাজুয়েট | - | ২৭-১-২৬ | www.awesindia.com |
| সেনাবাহিনীতে অফিসার | গ্র্যাজুয়েট | ৩৮১ | ৫-২-২৬ | www.joinindianarmy.nic.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | মার্চে | www.wbpsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিস-২৬ পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.upsconline.nic.in |
| CTET-2026 পরীক্ষা | ৮ ফেব্রুয়ারি, ২০২৬ | www.ctet.nic.in |
| স্কুল সার্ভিস গ্রুপ-সি ও গ্রুপ-ডি | ২২ ফেব্রুয়ারি ও ১ মার্চ | www.wbpsc.gov.in |
| UPSC-র NDA & NA (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| UPSC-র CDS (I), 2026 পরীক্ষা | ১২ এপ্রিল, ২০২৬ | www.upsconline.nic.in |
| CAPFS-র কনস্টেবল (জি.ডি.) 2026 কম্পিউটার বেসড পরীক্ষা | ২৩ ফেব্রুয়ারি থেকে | https://ssc.gov.in |
| SSC-এর মাল্টি টাস্কিং স্টাফ ও হাবলদার 2025 পরীক্ষা | ৪ ফেব্রুয়ারি থেকে | www.ssc.gov.in |

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক) স্পেশাল

## স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)



স্কুল সার্ভিস কমিশনের গ্রুপ-সি (ক্লার্ক) পদে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ কেন্দ্রীয় স্কুল সার্ভিস কমিশন। প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, অভিজ্ঞতার জন্য থাকবে ৫, ওরাল ইন্টারভিউয়ে থাকবে ১০ নম্বর, কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতার পরীক্ষায় থাকবে ১৫ নম্বর। ৬০ নম্বরের লিখিত পরীক্ষায় ৬০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস - ২০ নম্বর, (২) জেনারেল ইংলিশ - ১০ নম্বর, (৩) লজিক্যাল রিজনিং - ১০ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ২০ নম্বর। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নোত্তর তৈরি করেছেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **চঞ্চল ঘোষ**।

1. 'টোটো' উপজাতি পশ্চিমবঙ্গের কোন জেলায় দেখা যায়?
(A) পুরুলিয়া (B) জলপাইগুড়ি (C) ঝাড়গ্রাম (D) আলিপুরদুয়ার

2. ভারতে ডাক বিভাগে কবে পিন কোড ব্যবস্থা চালু হয়?
(A) 1969 (B) 1971 (C) 1972 (D) 1981

3. বাংলাদেশের সঙ্গে নীচের কোন রাজ্যটির সীমানা যুক্ত নেই?
(A) মিজোরাম (B) মণিপুর (C) মেঘালয় (D) ত্রিপুরা

4. অক্টোপাসের গমনাঙ্গের নাম কী?
(A) সিউডোপোডিয়া (B) কর্ষিকা (C) সাইফন (D) মায়াটম

5. 'টেলুরিয়াম' কী?
(A) ধাতুকল্প (B) ধাতু (C) অধাতু (D) এর কোনোটিই নয়

6. যখন কোনো ব্যক্তির কাজ করার সামর্থ্য ও কাজ করার ইচ্ছা থাকা সত্ত্বেও কাজ পায় না, তাকে বলে —
(A) বেকারত্ব (B) আংশিক বেকারত্ব (C) মুক্ত বেকারত্ব (D) ছদ্ম বেকারত্ব

7. 'ফিল্ডস মেডেল' পুরস্কারটি কোন ক্ষেত্রে দেওয়া হয়?
(A) সাহিত্য (B) খেলাধুলো (C) গণিত (D) বিজ্ঞান

8. যে রঙের সঙ্গে ডিমের কুসুম, তেল অথবা জল মিশ্রিত থাকে, তাকে বলে —
(A) মনতেজ (B) টেমপেরা (C) গাউচে (D) ফ্রেসকে

9. 'সব খেলার মা' (Mother of all Games) কোন খেলাকে বলা হয়?
(A) সাঁতার (B) জিমন্যাস্টিক্স (C) ব্যাডমিন্টন (D) বাস্কেটবল

10. 'জাতীয় মহাকাশ দিবস' কবে পালিত হয়?
(A) 23 আগস্ট (B) 28 ফেব্রুয়ারি (C) 28 অক্টোবর (D) 22 ডিসেম্বর

11. 'বন্দেমাতরম' গানটির প্রথম দুই ছত্র ভারতের জাতীয় সঙ্গীত হিসাবে গ্রহণ করা হয়েছিল জাতীয় কংগ্রেসের কত সালের অধিবেশনে?
(A) 1929 (B) 1937 (C) 1938 (D) 1942

12. মুর্শিদাবাদ 'হাজারদুয়ারি' তৈরি করেন কে?
(A) সিরাজ-উদ-দৌলা (B) মুর্শিদকুলি খাঁ
(C) নবাব নাজিম হুমায়ুন জাহ (D) মীরকাশিম

13. পাথরের ফাটলে জন্মানো উদ্ভিদকে কী বলে?
(A) স্যাপ্রোফাইট (B) সাইক্রোফাইট
(C) চ্যাসমোফাইট (D) থ্যালোফাইট

14. সমুদ্রগামী জাহাজে জলের নীচে পাইপ লাইনে মরিচা পড়ার হাত থেকে রক্ষা করার জন্য যুক্ত করা হয়—
(A) কপার ব্লক (B) প্ল্যাটিনাম ব্লক
(C) লেড ব্লক (D) ম্যাগনেশিয়াম ব্লক

15. উষ্ণতা বৃদ্ধিতে দোলক ঘড়ি —
(A) ফাস্ট যায় (B) স্লো যায়
(C) বন্ধ হয়ে যায় (D) কোনো পরিবর্তন হয় না

16. 'হিন্দোলা মহল' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(A) রাজস্থান (B) গুজরাত (C) মধ্য প্রদেশ (D) উত্তর প্রদেশ


17. 'কংগ্রেস আন্দোলন অস্ত্রবিহীন গৃহযুদ্ধ' — কে বলেছিলেন?
(A) স্যার সৈয়দ আহমেদ খান (B) মহম্মদ আলি জিন্না
(C) লর্ড ডাফরিন (D) ড. অনিল শীল

18. শাসনতন্ত্রের চূড়ান্ত ব্যাখ্যা করে —
(A) রাষ্ট্রপতি (B) লোকসভা (C) রাজ্যসভা (D) সুপ্রিম কোর্ট

19. রাষ্ট্রসঙ্ঘের মহাসচিব আন্তোনিও গুতেরেস কোন দেশের নাগরিক?
(A) দক্ষিণ কোরিয়া (B) ঘানা (C) অস্ট্রিয়া (D) পর্তুগাল


20. 'পাখি সব করে রব রাতি পোহাইল' — গানটির রচয়িতা কে?
(A) মদনমোহন তর্কালঙ্কার (B) বিষ্ণু দিগম্বর পালুসকর
(C) কাজী নজরুল ইসলাম (D) দ্বিজেন্দ্রলাল রায়

21. স্থলজ প্রাণী, জলজ প্রাণী, উভচর প্রাণী— শব্দগুলির প্রতীক স্বরূপ চিত্র প্রকাশ করুন।




22. একজন পুরুষকে দেখিয়ে একজন স্ত্রীলোক বললেন, 'তিনি আমার মায়ের মায়ের একমাত্র পুত্র।' তবে পুরুষের সঙ্গে ওই মহিলার সম্পর্ক কী?
(A) মা (B) পিসি (C) ভাগ্নি (D) বোন

23. '?' স্থানে কী বসবে?





(A) 1027 (B) 30 (C) 300 (D) 127

24. যদি BEAT শব্দটিকে সাংকেতিক ভাষায় GIDV লেখা হয়, তবে SOUP শব্দটিকে কীভাবে লেখা হবে?
(A) XSYS (B) YSXR (C) YXSR (D) XSXR

25. '?' স্থানে কী বসবে?
25, 26, ?, 29, 27, 36, 33
(A) 25 (B) 24 (C) 27 (D) 28

26.




27. যুদ্ধ : সৈনিক : : ?
(A) বিচারালয় : বিচারক (B) দেশ : বিদেশ
(C) মহামারি : ডাক্তার (D) দুর্ঘটনা : অ্যাম্বুলেন্স

28. উপযুক্ত বর্ণ বসিয়ে শ্রেণিটি সম্পূর্ণ করুন।
ab _ dbc _ a _ dabd _ bc
(A) cdca (B) cdbc (C) bcda (D) abcd

29. ইংরিজি বর্ণমালার K ও S এর মাঝখানের বর্ণের ডানদিকে তৃতীয় বর্ণ কোনটি?
(A) Q (B) P (C) R (D) O

30. নীচের সংখ্যা সারিতে কতগুলি 6 আছে, যার ঠিক আগে 7 আছে, কিন্তু পরে 9 নেই?
6 7 9 5 6 9 7 6 8 7 6 7 8 6 9 4 6 7 7 6 9 5 7 6 3
(A) 3 (B) 2 (C) 1 (D) 4

31. Instead of 'tolerance' we can say–
(A) bear on (B) bear in
(C) bear with (D) bear at

32. The past tense of 'rewind' is–
(A) rewinded (B) rewounded
(C) rewound (D) none of these

33. Select the correct option.
*I was sure I ____ meet him.*
(A) would (B) will (C) shall (D) should

34. Don't judge a book by its ____.
(A) contents (B) cover (C) words (D) story

35. Find the correctly spelt word.
(A) Reharsal (B) Rehersal
(C) Rehearsal (D) Rehearsel

36. What is the synonym of 'Atrocity'?
(A) Solidarity (B) Pity
(C) Cruelty (D) Punctuality

37. The antonym of 'Forgo' is–
(A) Claim (B) Despise
(C) Undergo (D) Remember

38. Which one is the plural number?
(A) Index (B) Alumni
(C) Hypothesis (D) Analysis

39. He works ____ an insurance company.
(A) for (B) at (C) in (D) with

40. The word 'claustrophobia' means
(A) fear of darkness (B) fear of crowds
(C) fear of confined spaces (D) fear of water

41. এক বালক 1 কিলোমিটার দূরত্ব অতিক্রম করতে p কিলোমিটার/ঘণ্টা গতিতে দৌড়াচ্ছে। কিন্তু মাঠ পিচ্ছিল থাকায় তার গতি 2 কিলোমিটার/ঘণ্টা কমে যায় (p>q)। যদি সে দূরত্ব অতিক্রম করতে r ঘণ্টা সময় নেয়, তাহলে—
(A) $\frac{1}{r} = (p-2)$ (B) $r = (p-q)$
(C) $\frac{1}{r} = (p+q)$ (D) $r = (p+2)$

42. একজন ব্যবসায়ী ধার্যমূল্যের ওপর 4% ছাড় দেয় আর প্রতি 15 কেজি দ্রব্য কেনার সঙ্গে 1টি দ্রব্য বিনামূল্যে দেয় ও এইভাবে 35% লাভ করে। ধার্যমূল্য, ক্রয়মূল্যের কত শতাংশ ওপর স্থির করা হয়েছে?
(A) 20% (B) 39% (C) 40% (D) 50%

43. সরল করুন :

$$\left[\frac{(1.331)^{-1}+(1.331)^{-2}+\ldots\ldots+(1.331)^{-6}}{(1.331)^{-2}+(1.331)^{-3}+\ldots\ldots+(1.331)^{-7}}\right]^{\frac{1}{3}}$$

(A) 0.11 (B) 1.1 (C) 11 (D) 0.011

44. কোনো মানচিত্রে পরিমাপ $1:4\times10^5$ দেওয়া হয়েছে। যদি মানচিত্রে দু'টি বিন্দুর মধ্যে দূরত্ব 4 সেন্টিমিটার হয়, তাহলে বিন্দু দু'টির মধ্যে বাস্তব দূরত্ব কত?
(A) 16 সেন্টিমিটার (B) 16 মিটার
(C) 16 কিলোমিটার (D) 4 কিলোমিটার

45. A ও B একসঙ্গে একটি কাজ যত ঘণ্টায় করে, A-এর একা সেই কাজ করতে 16 ঘণ্টা বেশি সময় লাগে আর B-এর একা সেই কাজ করতে 4 ঘণ্টা বেশি সময় লাগে। তবে A ও B একসঙ্গে সেই কাজটি কত ঘণ্টায় করবে?
(A) 5 ঘণ্টা (B) 8 ঘণ্টায়
(C) 9 ঘণ্টায় (D) এর কোনোটিই নয়

46. একটি বিদ্যালয়ের তিনটি শ্রেণির ছাত্রছাত্রীর সংখ্যার অনুপাত 2 : 4 : 5, যদি প্রত্যেক শ্রেণি থেকে 15 জন করে ছাত্রছাত্রী চলে যায়, তবে অনুপাত হয় 1 : 3 : 4. ওই বিদ্যালয়ে মোট ছাত্রছাত্রীর সংখ্যা কত ছিল?
(A) 165 (B) 105 (C) 120 (D) 115

47. '3' এর থেকে বড় কোনো মৌলিক সংখ্যার বর্গকে 12 দিয়ে ভাগ করলে সর্বদা অবশিষ্ট থাকবে—
(A) 1 (B) 0 (C) 3 (D) 7

48. গণিতবিদ ক্লডিয়াস টলেমি 'অ্যালম্যাজেস্ট' নামক গ্রন্থে শূন্যস্থান বোঝানোর জন্য কোন গ্রিক বর্ণটি ব্যবহার করেছিলেন?
(A) এপসাইলন (B) ওমেগা (C) ওমিক্রন (D) টাউ

49. 6!!! এর মান কত?
(A) 6 (B) 18 (C) 48 (D) 12

50. একটি পাত্রে 64 লিটার স্পিরিট আছে। পাত্রটি থেকে 8 লিটার স্পিরিট তুলে নিয়ে সম পরিমাণ জল মিশ্রিত করা হল। এই পদ্ধতি 3 বার করার পর ওই পাত্রে স্পিরিটের পরিমাণ কত?
(A) $42\frac{1}{8}$ লিটার (B) $42\frac{3}{8}$ লিটার
(C) 48 লিটার (D) $42\frac{7}{8}$ লিটার

51. $25^{27}$-কে 26 দিয়ে ভাগ করলে অবশিষ্ট কত?
(A) 1 (B) 25 (C) 24 (D) 23

52. একটি আয়তক্ষেত্রের পরিসীমা 22 সেন্টিমিটার। আয়তক্ষেত্রটির ভিতরের চারিদিকে 1 সেন্টিমিটার চওড়া রাস্তার ক্ষেত্রফল কত বর্গ সেন্টিমিটার?
(A) 10 (B) 12 (C) 18 (D) 20

53. এক ব্যক্তি ঘোড়ায় চেপে ঘণ্টায় 20 কিলোমিটার গতিতে গন্তব্যস্থলে যায়। প্রতি 25 কিলোমিটার অন্তর ঘোড়া পরিবর্তনের জন্য 10 মিনিট করে সময় নেন। এইভাবে 175 কিলোমিটার যেতে ওই ব্যক্তির কত সময় লাগবে?
(A) 9 ঘণ্টা 15 মিনিট (B) 9 ঘণ্টা 45 মিনিট
(C) 10 ঘণ্টা (D) 8 ঘণ্টা 45 মিনিট

54. এক অসৎ ব্যবসায়ী 5% ক্ষতিতে একটি দ্রব্য বিক্রি করে আর দ্রব্যটিতে ওজনে 24% কম দেয়। তবে ওই ব্যক্তির শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?
(A) 25% ক্ষতি (B) 29% ক্ষতি (C) 19% লাভ (D) 25% লাভ

55. '0' আর '6' এর গ.সা.গু কত?
(A) 0 (B) 6 (C) অনির্দিষ্ট (D) 0 ও 6 উভয়ই

56. গণিতে প্রক্রিয়া প্রতীক কয় প্রকার?
(A) 2 (B) 3 (C) 4 (D) 5

57. A-এর আয়ের 5%, B-এর আয়ের 15% এর সমান আর B-এর আয়ের 10%, C-এর আয়ের 20% এর সমান। যদি C-এর আয় 2000 টাকা হয়, তাহলে A, B ও C এর মোট আয় কত?
(A) 14000 টাকা (B) 16000 টাকা
(C) 18000 টাকা (D) 12400 টাকা

58. 100 মিটার দৌড়ে, A এই দূরত্ব 36 সেকেন্ডে আর B 45 সেকেন্ডে অতিক্রম করে। এই দৌড়ে A, B-কে কত মিটারে হারায়?
(A) 20 মিটার (B) 25 মিটার (C) 22.5 মিটার (D) 9 মিটার


59. 5 মার্চ 1999 শুক্রবার দিন, 5 মার্চ 2000 সপ্তাহের কোন বার হবে?
(A) রবিবার (B) সোমবার (C) মঙ্গলবার (D) শুক্রবার

60. যদি একই বার্ষিক সুদের হারে একই সময়ের জন্য x টাকার সরল সুদ y টাকা হয়, আর y টাকার সরল সুদ হয় z টাকা, তাহলে নীচের কোন কথাটি সত্য?
(A) $xyz = 1$ (B) $z^2 = xy$ (C) $x^2 = yz$ (D) $y^2 = zx$

### উত্তর

1(D). 2(C). 3(B). 4(C). 5(A). 6(C). 7(C). 8(B). 9(B). 10(A). 11(B). 12(C). 13(C). 14(D). 15(B). 16(C). 17(A). 18(D). 19(D). 20(A). 21(B).

22(C).




23(A). $4^3 + 2^3 = 72$ / $3^3 + 9^3 = 756$ / $10^3 + 3^3 = 1027$

24(D). B E A T → (+5, +4, +3, +2) → G I D V | S O U P → (+5, +4, +3, +2) → X S X R

25(A). 25 26 (25) 29 27 36 33 — $+1^2$, $-1$, $+2^2$, $-2$, $+3^2$, $-3$

26(A). 27(C).

28(A). a b c d / bc d a / c da b / d a b c

29(C). K ও S এর মাঝখানের বর্ণ 'O'.

# স্কুল সার্ভিস গ্রুপ 'সি' (ক্লার্ক)

∴ 'O' এর ডানদিকে তৃতীয় বর্ণ 'R'.

**30(A).** 6 7 9 5 6 9 7 6 8 7 6 7 8 6 9 4 6 7 7 6 9 5 7 6 3

**31(C). 32(C). 33(A). 34(B). 35(C). 36(C). 37(A). 38(B). 39(B). 40(C). 41(A).** প্রকৃত গতি = (p − q) কিলোমিটার/ঘণ্টা সময় নেয় = r ঘণ্টা, এখানে দূরত্ব = 1 কিলোমিটার

| সূত্র : দূরত্ব = গতিবেগ × সময় |
|---|

$1 = (p-q) \times r$ $\boxed{\therefore \frac{1}{r} = p - q}$

**42(D).** মনে করি, ক্রয়মূল্য = 100 টাকা

∴ বিক্রয়মূল্য = (100 + 35) = 135 টাকা

$$\therefore \text{ধার্যমূল্য} = 135 \times \frac{(15+1)}{15} \times \frac{100}{(100-4)}$$

$$= 135 \times \frac{16}{15} \times \frac{100}{96} = 150 \text{ টাকা।}$$

∴ ধার্যমূল্য, ক্রয়মূল্যের ওপর স্থির করা হয়েছে

= (150 − 100) = 50%

$$\textbf{43(B).}\ \left[\frac{(1.331)^{-1}+(1.331)^{-2}+.....+(1.331)^{-6}}{(1.331)^{-2}+(1.331)^{-3}+.....+(1.331)^{-7}}\right]^{\frac{1}{3}}$$

$$= \left[\frac{\{(1.331)^{-1}+(1.331)^{-2}+...+(1.331)^{-6}\}}{(1.331)^{-1}\{(1.331)^{-1}+(1.331)^{-2}+..+(1.331)^{-6}}\right]^{\frac{1}{3}}$$

$$= \left[\frac{1}{(1.331)^{-1}}\right]^{\frac{1}{3}} = (1.331)^{\frac{1}{3}} = \left(\frac{1331}{1000}\right)^{\frac{1}{3}}\ \left\{\left(\frac{11}{10}\right)^{3}\right\}^{\frac{1}{3}} =$$

$$\left(\frac{11}{10}\right)^{3\times\frac{1}{3}} = \frac{11}{10} = 1.1$$

**44(C).** 1 সেন্টিমিটার নির্দেশ করে

$= (4 \times 10^5)$ সেন্টিমিটার $= \frac{4 \times 10^5}{10^2}$ মিটার $= 4 \times 10^3$ মিটার = 4 কিলোমিটার। ∴ 4 সেন্টিমিটার নির্দেশ করে = (4 × 4) কিলোমিটার = 16 কিলোমিটার।

**45(B).**

| সূত্র : A ও B-এর একসঙ্গে একটি কাজ করতে যত ঘণ্টা লাগে, A-এর একা সেই কাজ করতে x ঘণ্টা সময় বেশি লাগে আর B-এর একা সেই কাজ করতে y ঘণ্টা সময় বেশি লাগে।<br>তবে A ও B একসঙ্গে সেই কাজটি করে = $\sqrt{xy}$ ঘণ্টায়। |
|---|

∴ A ও B একসঙ্গে সেই কাজটি করবে

$= \sqrt{16 \times 4} = \sqrt{64} = 8$ ঘণ্টায়।

**46(A).** প্রত্যেক শ্রেণি থেকে ছাত্রছাত্রী চলে যাওয়ার অনুপাত কম হয় = (2 − 1) = 1, (4 − 3) = 1, (5 − 4) = 1 ∴ সর্বদা পার্থক্য = 1

$\therefore$ মোট ছাত্রছাত্রীর সংখ্যা $= \frac{15 \times (2+4+5)}{1} = 15 \times 11 = 165$ জন।

**47(A).** 3-এর পরবর্তী মৌলিক সংখ্যা যথাক্রমে 5, 7, 11 ও 13 ইত্যাদি। $5^2 = 25$, $7^2 = 49$, $11^2 = 121$, $13^2 = 169$

এইসব সংখ্যাগুলিকে 12 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে অবশিষ্ট থাকে 1.

**48(C).**

**49(B).** $6!!! = \overset{-3}{\widehat{6 \times 3}} = 18$

**50(D).**

| সূত্র : একটি পাত্রে x লিটার স্পিরিট আছে। পাত্রটি থেকে y লিটার স্পিরিট তুলে নিয়ে সমপরিমাণ জল মিশ্রিত করা হল।<br>এই পদ্ধতি n বার করার পর ওই পাত্রে স্পিরিট এর পরিমাণ = $x\left(\frac{x-y}{x}\right)^n$ লিটার। |
|---|

$\therefore$ স্পিরিটের পরিমাণ $= 64\left(\frac{64-8}{64}\right)^3 = \left(64 \times \frac{7}{8} \times \frac{7}{8} \times \frac{7}{8}\right)$ লিটার $= 42\frac{7}{8}$ লিটার।

**51(B).** 25-কে 26 দিয়ে ভাগ করলে অবশিষ্ট হয় = − 1

∴ $25^{27}$-কে 26 দিয়ে ভাগ করলে অবশিষ্ট থাকে $= (-1)^{27} = -1$

[কারণ ঘাত (power) বিজোড় সংখ্যা]

কিন্তু অবশিষ্ট কোনোদিন ঋণাত্মক হতে পারে না। তাই অবশিষ্ট হবে = 26 − 1 = 25.

**52(B).**

| সূত্র : রাস্তার ক্ষেত্রফল = পরিসীমা × রাস্তা চওড়া ± 4 × (রাস্তা চওড়া)$^2$<br>(বাইরে = +, ভিতরে = −) |
|---|

∴ রাস্তার ক্ষেত্রফল = $(22 \times 1 - 4 \times 1^2)$ = 22 − 4 = 18 বর্গ সেন্টিমিটার।

**53(B).** বিশ্রাম সংখ্যা $= \left(\frac{175}{25} - 1\right) = 6$ বার

$\therefore$ নির্ণেয় সময় $= \left(\frac{175}{20} + 6 \times \frac{10}{60}\right)$

$= \left(\frac{35}{4} + 1\right) = \frac{39}{4}$ ঘণ্টা = 9 ঘণ্টা 45 মিনিট।

**54(D).**

| সূত্র : এক অসৎ ব্যবসায়ী x% ক্ষতিতে কোনো দ্রব্য বিক্রি করে। কিন্তু দ্রব্যটি পরিমাপে y% কম দেয়।<br>তখন ওই ব্যক্তির শতকরা লাভ বা ক্ষতি = $\left(\frac{y-x}{100-y} \times 100\right)\%$<br>[ফল '+' হলে লাভ, '−' হলে ক্ষতি] |
|---|

∴ শতকরা লাভ বা ক্ষতি

$= \left(\frac{24-5}{100-24} \times 100\right)\% = 25\%$

ফল '+' ∴ 25% লাভ।

**55(B).** 0 ও 6-এর গ.সা.গু 6

কারণ 6 হল এমন বৃহত্তম সংখ্যা যা 0 ও 6 উভয়কেই নিঃশেষে ভাগ করা যায়, আর 0-কে যেকোনো অশূন্য সংখ্যা দিয়ে ভাগ করলে ভাগফল 0 হবে।

**56(C).** গণিতে প্রক্রিয়া প্রতীক মোট 4 প্রকার — (i) যোগ, (ii) বিয়োগ, (iii) গুণ, (iv) ভাগ

**57(C).** $\frac{10}{100} \times B = \frac{20}{100} \times C$

বা, B = 2C = (2 × 2000) = 4000

$\frac{5}{100} \times A = \frac{15}{100} \times B$

A = 3B = 3 × 4000 = 12000

∴ A + B + C = (12000 + 4000 + 2000) = 18000 টাকা।

**58(A).** B-এর মাধ্যমে গৃহীত বেশি সময় = (45 − 36) সেকেন্ড = 9 সেকেন্ড

9 সেকেন্ডে B যায়

$= \left(\frac{100}{45} \times 9\right)$ মিটার = 20 মিটার

∴ A, B-কে 20 মিটারে হারায়।

**59(A).** 5 মার্চ 1999 শুক্রবার হলে, 5 মার্চ 2000-এ অতিরিক্ত 2 দিন হবে।

কারণ 2000 সাল অধিবর্ষ (Leap Year).

∴ 5 মার্চ 2000 ছিল = (শুক্রবার + 2 দিন) = রবিবার।

**60(D).** মনে করি, সুদের হার = R% ও সময় = T বছর।

তাহলে $\frac{x \times R \times T}{100} = y$ ও $\frac{y \times R \times T}{100} = z$

$\Rightarrow RT = 100 \times \frac{y}{x} = \frac{100 \times z}{y}$ $\therefore y^2 = zx$

## ইন্ডিয়ান অয়েলে ৪০৫ অ্যাপ্রেন্টিস

৩ পাতার পর

ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন - ইলেক্ট্রনিক্স :** ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ফিটার :** আই.টি.আই. থেকে ফিটার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রিশিয়ান :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রিশিয়ান ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইলেক্ট্রনিক্স মেকানিক :** আই.টি.আই. থেকে ইলেক্ট্রনিক্স মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য। শূন্যপদ :

**ট্রেড অ্যাপ্রেন্টিস -ইন্সট্রুমেন্ট মেকানিক :** আই.টি.আই. থেকে ইন্সট্রুমেন্ট মেকানিক ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস -মেশিনিস্ট :** আই.টি.আই. থেকে মেশিনিস্ট ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -ফ্রেশার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**ট্রেড অ্যাপ্রেন্টিস (ডাটা এন্ট্রি অপারেটর -স্কিল সার্টিফিকেট হোল্ডার) :** যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আর ডোমেস্টিক ডাটা এন্ট্রি অপারেটর স্কিল সার্টিফিকেট কোর্স পাশ হলে যোগ্য।

**গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস (বি.এ., বি.কম., বি.এসসি, বি.বি.এ.) :** যে কোনো শাখায় গ্র্যাজুয়েটরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য।

**কোন রাজ্যে ক'টি শূন্যপদ : টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস ও ট্রেড অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব রাজ্যে —**

**মহারাষ্ট্র** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স) - ৪০টি (জেনাঃ ১৮, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) - ১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -১২০ (জেনাঃ ৪৮, ই.ডব্লু.এস. ১২, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ১১, ও.বি.সি. ৩২)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) -৯টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

**গুজরাটে** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ৫)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৩)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৩৫ (জেনাঃ ১৩, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) -৪টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

কর্মসংস্থান
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 9830795430

**মধ্যপ্রদেশ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-২০টি (জেনাঃ ৮, ই.ডব্লু.এস. ২, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ৩)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৩৫ (জেনাঃ ১২, ই.ডব্লু.এস. ৪, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ৫)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) - ৪টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**ছত্তিশগড়** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-১০টি (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ২, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৫ (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) - ২টি (তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**গোয়া** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ২)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট) — ৫টি (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৫ (জেনাঃ১, ই.ডব্লু.এস.১, তঃউঃজাঃ১, ও.বি.সি.১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) - ২টি (তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১)।

**দাদরা নগর অ্যান্ড হাভেলি** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-১০টি (জেনাঃ ৩, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৪ (জেনাঃ ১, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ২)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) - ২টি (ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১)।

**দমন ও দিউ** - টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (মেকানিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্টেশন), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (সিভিল), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স), টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স)-১০টি (জেনাঃ ৪, ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩)।

ট্রেড অ্যাপ্রেন্টিস (ফিটার), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রিশিয়ান), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইলেক্ট্রনিক্স মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (ইন্সট্রুমেন্ট মেকানিক), ট্রেড অ্যাপ্রেন্টিস (মেশিনিস্ট)— ৫টি (ই.ডব্লু.এস. ১, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২)।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস -৫ (জেনাঃ ২, ই.ডব্লু.এস. ১, তঃউঃজাঃ ১)।

ট্রেড অ্যাপ্রেন্টিস -(ডাটা এন্ট্রি অপারেটর, স্কিল সার্টিফিকেট হোল্ডার) - ২টি (ও.বি.সি. ১, তঃউঃজাঃ ১)।

সব ক্ষেত্রে বয়স হতে হবে ৩১-১২-২০২৫'র হিসাবে ১৮ থেকে ২৪ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। ১২ মাসের ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে মেধার ভিত্তিতে। কোনো লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউ নেই। এই পদের বিজ্ঞপ্তি নং : IOCL/MKTG/WR/APPR/2/2025-26, Date: 15.01.2026..

• দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ জানুয়ারির মধ্যে, এই ওয়েবসাইটে : www.iocl.com দরখাস্ত করার আগে এইসব প্রমাণপত্র স্ক্যান করবেন : (ক) জন্ম-সার্টিফিকেট, (খ) শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, (গ) কাস্ট সার্টিফিকেট, (ঘ) সাদা কাগজে কালো কালি দিয়ে সিগনেচার করে স্ক্যান করবেন, (ঙ) এখনকার তোলা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর ফটো ও সিগনেচার আপলোড করবেন। এবার সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## মহারাষ্ট্র ব্যাঙ্কে ৬০০

১ পাতার পর

কোন রাজ্যে ক'টি সীট আছে : শূন্যপদ : পশ্চিমবঙ্গ ১৪টি (জেনাঃ ৭, তঃজাঃ ৩, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। ত্রিপুরা ১টি (জেনাঃ)। অসম ৭টি (জেনাঃ ৬, ও.বি.সি. ১)। বিহার ১৫টি। আন্ধ্রা প্রদেশ ১১, অরুণাচল প্রদেশ -১, চন্ডীগড় -২, ছত্তিশগড় -১৩, গোয়া -৬, গুজরাট -২৫, হরিয়ানা -১৩, হিমাচল প্রদেশ -৩, জম্মু ও কাশ্মীর -৩, ঝাড়খন্ড -৯, কর্ণাটক -২১, কেরল-১৩, মধ্য প্রদেশ -৪৫, মহারাষ্ট্র -২৬১, দিল্লি (এন.সি.টি.) ১২, ওড়িশা -১৩, পুদুচেরী -১, পঞ্জাব-১৫, রাজস্থান -১৫, তামিলনাড়ু-২১, তেলেঙ্গানা -১৭, উত্তর প্রদেশ -৩৪, উত্তরাখন্ড -৭, দাদরা ও নগর -১, মিজোরাম-১।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর রাজ্যভিত্তিক মেধা তালিকা তৈরি হবে। এই পদের বিজ্ঞপ্তি নং : AX1/ST/RP/Apprentices/Notification/ 2025-26, Date: 15-01-2026.

দরখাস্ত করবেন অনলাইনে, ২৫ জানুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://bankofmaharashtra.bank.in

এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার, লেফট থাম্ব ইমপ্রেশন ও হ্যান্ড রিটেন ডিক্লারেশন স্ক্যান করে নেবেন জে.পি.জি. বা, জে.পি.ই.জি. ফর্ম্যাটে। ফটো রঙিন হতে হবে ও ফটো ২০০×২৩০ পিক্সেল হতে হবে। সিগনেচার ১৪০×৬০ পিক্সেল হতে হবে। ফটো ও সিগনেচার ২০০ ডি.পি.আই. তে স্ক্যান করবেন। এছাড়াও নিচের এই প্যারাগ্রাফটি নিজের হাতে লিখে স্ক্যান করে নেবেন : 'I....... (Name of the candidate), hereby declare that all the information submitted by me in the application form is correct, true and valid. I will present the supporting documents as and when required'.

প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ১৫০ (তপশিলী হলে ১০০) টাকা অনলাইনে জমা দিতে হবে। প্রতিবন্ধীদের ফী লাগবে না। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## ৬২ অ্যাপ্রেন্টিস

৩ পাতার পর

টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি / কম্পিউটার সায়েন্স টেকনোলজি, ইলেক্ট্রিক্যাল, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৯,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল-৫টি, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-১টি, কম্পিউটার সায়েন্স ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন টেকনোলজি / কম্পিউটার সায়েন্স টেকনোলজি-১টি, ইলেক্ট্রিক্যাল-১টি, ইন্সট্রুমেন্টেশন-১টি।

**টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে:** মেকানিক্যাল, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি / কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রিক্যাল, সিভিল, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং। ইঞ্জিনিয়ারিংয়ের সংশ্লিষ্ট শাখার ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য আবেদন করতে পারেন। স্টাইপেন্ড মাসে ৮,০০০ টাকা। শূন্যপদ : মেকানিক্যাল-৩০, ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন-৫, কম্পিউটার সায়েন্স/ইনফর্মেশন টেকনোলজি / কম্পিউটার সায়েন্স-২, ইলেক্ট্রিক্যাল-৬, সিভিল-৪, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিং-৩টি।

**জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস নেওয়া হবে এইসব ট্রেডে :** কমার্স, বি.এসসি. বা, বি.সি.এ.। সংশ্লিষ্ট শাখার ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। শূন্যপদ : কমার্স শাখায় ১টি, বি.এসসি /বি.সি.এ.-২টি। ওপরের সব ক্ষেত্রে বয়স গুনতে হবে ৩১-১২-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ২৬ বছরের মধ্যে। তপশিলী, ও.বি.সি. ও প্রতিবন্ধীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : HR/TRG/ 2026/01/03, Date: 13th Jan, 2026.

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। কোনো লিখিত পরীক্ষা হবে না। তবে সরাসরি ইন্টারভিউ হবে ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে। টেকনিশিয়ান (ডিপ্লোমা) অ্যাপ্রেন্টিস পদের বেলায় ২৮ জানুয়ারি, জেনারেল স্ট্রিম গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস পদের বেলায় ২৯ জানুয়ারি আর ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস পদের বেলায় ৩০ জানুয়ারি। হাজির হতে হবে সকাল ৯টার মধ্যে। তখন যাবতীয় প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত করা জেরক্স কপি নিয়ে যেতে হবে। ইন্টারভিউ হবে এই ঠিকানায় : TRAINING AUDITORIUM, HINDUSTAN AERONAUTICS LIMITED, BARRACKPORE, 9 TOPKHANA ROAD, BARRACKPORE, 24 Pgs (N), Kolkata-700120. প্রার্থী বাছাইয়ের মেধা তালিকা বেরোবে এই ওয়েবসাইটে : www.hal-india.co.in

## নৌবাহিনীতে ২৬০ অফিসার

৩ পাতার পর

পাশ ছেলেমেয়েরা যোগ্য। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে ইংরিজিতে অন্তত ৬০%-সহ মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে। কমার্শিয়াল পাইলট লাইসেন্স থাকতে হবে। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০৩ থেকে ১-১-২০০৮'এর মধ্যে। শূন্যপদ : ২৫টি।

**এক্সিকিউটিভ ব্রাঞ্চ (লজিস্টিক্স) :** মোট অন্তত ৬০% নম্বর পেয়ে ইঞ্জিনিয়ারিংয়ের যে কোনো শাখার ডিগ্রি (বি.ই. বা, বিটেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। প্রথম শ্রেণির এম.বি.এ. কোর্স পাশরাও যোগ্য। প্রথম শ্রেণির ডিগ্রি কোর্স পাশরা ফিনান্স, লজিস্টিক্স, সাপ্লাই চেন ম্যানেজমেন্ট, মেটেরিয়াল ম্যানেজমেন্টের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য। প্রথম শ্রেণির এম.সি.এ. বা, এম.এসসি. (আই.টি.) কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৬-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ১০টি।

**এডুকেশন ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

নিচের যে কোনো একটি যোগ্যতা থাকলে যোগ্য — (ক) ফিজিক্স বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (অঙ্ক/অপারেশনাল রিসার্চ) কোর্স পাশ ছেলেমেয়েরা যোগ্য। অঙ্ক বিষয় নিয়ে বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে এম.এসসি. (ফিজিক্স বা, অ্যাপ্লায়েড ফিজিক্স) কোর্স পাশরাও যোগ্য। ফিজিক্সের বি.এসসি. কোর্স পাশরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে কেমিস্ট্রি এম.এসসি. কোর্স পাশরাও যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৭টি।

(খ) মোট অন্তত ৬০% নম্বর পেয়ে মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স, এম.সি.এ.(ফিজিক্স বা, অঙ্ক ডিগ্রি কোর্সে থাকতে হবে) ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-১-২০০৬'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

এডুকেশন ব্রাঞ্চের বেলায় মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকে প্রথম শ্রেণির নম্বর পেয়ে থাকতে হবে ও মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিকে ইংরিজি বিষয়ে অন্তত ৬০% নম্বর পেয়ে থাকতে হবে।

**টেকনিক্যাল ব্রাঞ্চে নেওয়া হবে এইসব পদে :**

**ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** মেরিন, ইন্সট্রুমেন্টেশন, অটোমোবাইল, অ্যারোস্পেস, মেটালার্জি, মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৪২টি।

**সাব মেরিন ইঞ্জিনিয়ারিং ব্রাঞ্চ :** প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, ইন্ডাস্ট্রিয়াল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ম্যানেজমেন্ট, কন্ট্রোল ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

**ইলেক্ট্রিক্যাল ব্রাঞ্চ (জেনারেল সার্ভিস) :** ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রনিক্স, টেলিকমিউনিকেশন, পাওয়ার ইঞ্জিনিয়ারিং, পাওয়ার ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেমেয়েরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৩৮টি।

**সাব মেরিন টেকনিক্যাল ইলেক্ট্রিক্যাল :** ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, অ্যাপ্লায়েড ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইন্সট্রুমেন্টেশন ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি (বি.ই. বা, বি.টেক.) কোর্স পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর পেয়ে থাকলে যোগ্য। জন্ম-তারিখ হতে হবে ২-১-২০০২ থেকে ১-৭-২০০৭'এর মধ্যে। শূন্যপদ : ৮টি।

প্রার্থী বাছাই হবে শিক্ষাগত যোগ্যতায় পাওয়া নম্বর দেখে। এরপর হবে গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ। মোট ৫ দিনের ইন্টারভিউয়ের প্রথম দিন থাকবে ইন্টেলিজেন্স টেস্ট, পিকচার পার্সেপশন ও গ্রুপ ডিসকাশন। সফল হলে সাইকোলজিক্যাল টেস্ট, গ্রুপ টাস্ক ও ইন্টারভিউ। ইন্টারভিউয়ের প্রথম দিন সফল না হলে বাড়ি ফেরার ট্রেন ভাড়া দেওয়া হবে। সফল হলে ডাক্তারি পরীক্ষা। ট্রেনিং শুরু আগামী বছর জানুয়ারিতে। শুরুতে সাব-লেফটেন্যান্ট পদে চাকরি। তখন মূল মাইনে ৫৬,১০০ টাকা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : www.joinindiannavy.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। এবার ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## এক্সিম ব্যাঙ্কে ৪০ ট্রেনি

৩ পাতার পর

২১ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। শুরুতে ১ বছরের ট্রেনিং। তখন স্টাইপেন্ড মাসে ৬৫,০০০ টাকা। সফল হলে মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)।

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষার মাধ্যমে। ১০০ নম্বরের পরীক্ষায় প্রশ্ন সংশ্লিষ্ট বিষয়ের ওপর। সময় থাকবে আড়াই ঘন্টা। পরীক্ষা হবে ফেব্রুয়ারিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.eximbankindia.in/careers এজন্য বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো, সিগনেচার ও লেফট থাম্ব ইমপ্রেশন স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৬০০ (তপশিলী হলে ১০০) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন।

# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। ৩ডি-প্রিন্টিং প্রযুক্তি ব্যবহার করে দেশীয়ভাবে স্বয়ংক্রিয় আবহাওয়া কেন্দ্র তৈরি করে একটি প্রযুক্তিগত মাইলফলক অর্জন করলেন কোন দেশের বিজ্ঞানীরা — ভারত (এই পরবর্তী প্রজন্মের আবহাওয়া কেন্দ্রগুলির প্রথম ব্যাচ এবছরের ফেব্রুয়ারি থেকে দিল্লিতে মোতায়েন করা হবে)।

২। সংক্রমণযোগ্য একক ভাইরাস কণাকে বলা হয় — ভিরিয়ন।

৩। স্প্রিং তুলার কার্যনীতি কোন বলের ওপর ভিত্তি করে প্রতিষ্ঠিত — অভিকর্ষজ বল।

৪। একফোঁটা জলের আয়তন নির্ণয় করার জন্য ব্যবহৃত যন্ত্রটি হল — আয়তনমাপক চোঙ।

৫। কোন অ্যাসিড জলে দ্রবীভূত হলে একটি দ্রবণ তৈরি করে, যা সাধারণত 'ভিনিগার' নামে পরিচিত — অ্যাসিটিক অ্যাসিড (ফর্মুলা CH3COOH)।

৬। যকৃৎ বা, পেশি কোষে অতিরিক্ত গ্লুকোজ কী রূপে জমা থাকে — গ্লাইকোজেন।

৭। একটি ১৭ ক্যারেট সোনায় অন্যান্য ধাতুর ক'টি অংশ থাকে — ৭টি (যার মধ্যে থাকতে পারে তামা, রুপো বা, প্যালাডিয়াম)।

৮। পদার্থবিজ্ঞানের মূল নীতি কোনটি — শক্তির সংরক্ষণশীলতা নীতি।

## ইতিহাস

৯। চোল রাজ্যের রাজকীয় প্রতীক ছিল — বাঘ।

১০। রাজা হর্ষবর্ধনের বাবা ছিলেন — প্রভাকর বর্ধন।

১১। অশোকের শিলালিপি অনুসারে, কোন স্থানটিকে করমুক্ত ঘোষণা করা হয়েছিল ও শুধুমাত্র ১/৮ ভাগকে করযোগ্য হিসাবে ঘোষণা করা হয়েছিল — লুম্বিনী।

১২। প্রথম জৈন পরিষদ কোথায় অনুষ্ঠিত হয় — পাটলিপুত্র (৩০০ খ্রিষ্টপূর্বাব্দে)।

১৩। 'যোগবর্তিকা' ও 'যোগসারসংগ্রহ' রচনা করেছেন — বিজ্ঞানভিক্ষু।

১৪। কৌটিল্য 'অর্থশাস্ত্র' রচনা করেন। 'অর্থশাস্ত্র'কে কয় ভাগে ভাগ করা হয়েছে — ১৫টি।

১৫। 'মহারানীর ঘোষণাপত্র' কবে প্রকাশ করা হয় — ১৮৫৮ সালের ১ নভেম্বর (এলাহবাদে এক দরবারে)।

১৬। বিপিনবিহারী গঙ্গোপাধ্যায় কোন গুপ্ত সমিতির সঙ্গে যুক্ত ছিলেন — আত্মোন্নতি সমিতি।

## ভূগোল

১৭। 'আরালম প্রজাপতি অভয়ারণ্য' ভারতের কোন রাজ্যের প্রথম প্রজাপতি অভয়ারণ্য — কেরল।

১৮। রাজস্থানের মোট আয়তনের কত শতাংশ থর মরুভূমি দিয়ে আবৃত — প্রায় ৬০%।

১৯। ভারতে একমাত্র কোন রাজ্য মুগা সিল্ক উৎপাদন করে — অসম।

২০। ভারতে সবথেকে বেশি দুধ উৎপাদনকারী ছাগলের নাম হল — জামনাপাড়ী (এই ছাগলের বেশিরভাগই মূলত উত্তর প্রদেশে পাওয়া যায়)।

২১। ভারতে ধানের কম উৎপাদনশীলতার প্রধান কারণ কী — কম ফলনশীল জাত।

২২। 'গঙ্গা অ্যাকশন প্ল্যান' কবে শুরু হয় — ১৯৮৬ সাল (এর লক্ষ্য হল, গঙ্গা নদীর দূষণ কমানো)।

২৩। ভুটানের সঙ্গে ভারতের কোন রাজ্যের দীর্ঘতম স্থল সীমান্ত রয়েছে — অসম [সীমানাটি ৬৯৯ কিলোমিটার দীর্ঘ, যার মধ্যে অসম (২৬৭ কিলোমিটার), অরুণাচল প্রদেশ (২১৭ কিলোমিটার), পশ্চিমবঙ্গ (১৮৩ কিলোমিটার) ও সিকিম (৩২ কিলোমিটার)]।

২৪। বিখ্যাত 'বিদ্যাসাগর সেতু' কোন শহরে অবস্থিত — কলকাতা ('হুগলি' নদীর ওপর একটি ৮২২.৯৬ মিটার লম্বা কেবল স্টেড ৬ লেনের টোল সেতু এটি, যা 'দ্বিতীয় হুগলি সেতু' নামেও পরিচিত)।

## সাম্প্রতিক ঘটনা

২৫। প্রাথমিক স্কুলগুলির জন্য তিন-ভাষা নীতি প্রত্যাহার করল কোন রাজ্য — মহারাষ্ট্র।

২৬। প্রথম ভারতীয় কোম্পানি হিসাবে, ১৫,০০০ মেগাওয়াট বা ১৫ গিগাওয়াটের বেশি পুনর্নবীকরণযোগ্য শক্তি উৎপাদন ক্ষমতা অর্জন করে নয়া মাইলফলক গড়ল কারা — আদানি গ্রিন এনার্জি লিমিটেড (২০২৫ সালের জুন পর্যন্ত 'আদানি গ্রিন এনার্জি লিমিটেড'এর মোট কর্মক্ষমতা ১৫,৫৩৯.৯ মেগাওয়াট)।

২৭। 'হুল দিবস' কবে পালিত হয় — ৩০ জুন।

২৮। 'আন্তর্জাতিক সংসদ দিবস' কবে পালিত হয় — ৩০ জুন।

২৯। তেলেঙ্গানার নিজামাবাদে, 'জাতীয় হলুদ বোর্ড'এর সদর দফতরের আনুষ্ঠানিক উদ্বোধন করলেন কে — কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

৩০। কর আর ব্যয় সংক্রান্ত প্রস্তাবিত আইন 'বিগ বিউটিফুল বিল' পাস করল কোন দেশ — মার্কিন যুক্তরাষ্ট্র।

৩১। কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রকের তরফ থেকে পরিচালিত, ২০২০-'২৫ চক্রের জন্য জাতীয় উদ্যান আর সুরক্ষিত এলাকার 'ব্যবস্থাপনা কার্যকারিতা মূল্যায়ন'এ শীর্ষ স্থান পেল কোন রাজ্য — কেরালা (রাজ্যটির স্কোর ৭৬.২২%)।

সঙ্কলক : পলি দেওয়ান



## প্রাইমারির ইন্টারভিউ শুরু

১ পাতার পর

লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইট থেকে : https://www.wbbpeonline.com/dashboard

এবার ইন্টারভিউ কক্ষ এমনভাবে সাজানো হচ্ছে, যেখানে বাইরের কোনো শব্দ ভিতরে কিংবা ভিতরের কোনো শব্দ বাইরে শোনা যাবে না, অর্থাৎ অত্যাধুনিক প্রযুক্তি ও ডিজাইনে তৈরি অফিস (স্টেট অফ দ্যা আর্ট কিউবিক্যাল)। এক দিনে প্রায় ২,৫০০ প্রার্থীর ইন্টারভিউ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে পর্ষদ।

ইন্টারভিউয়ের দিন নিচের এইসব প্রমাণপত্রের মূল ও স্ব-প্রত্যয়িত (Self Attested) করা জেরক্স কপি সঙ্গে নিয়ে যেতে হবে :

(১) প্রাথমিক শিক্ষা পর্ষদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা ইন্টারভিউয়ের কল লেটার।
(২) 'টেট' পাশের ডাউনলোড করা সার্টিফিকেট।
(৩) বয়সের প্রমাণপত্র হিসাবে মাধ্যমিকের অ্যাডমিট কার্ড বা, সার্টিফিকেট।
(৪) মাধ্যমিকের মার্কশীট ও সার্টিফিকেট।
(৫) উচ্চমাধ্যমিক পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৬) ২ বছরের ডি.এল.এড. / ডি.এড. (স্পেশাল এডুকেশন) কিংবা ৪ বছরের বি.এল.এড.'এর মার্কশীট ও সার্টিফিকেট।
(৭) ডিগ্রি কোর্স পাশের মার্কশীট ও সার্টিফিকেট।
(৮) কাস্ট সার্টিফিকেট।
(৯) প্রতিবন্ধী সার্টিফিকেট (যদি থাকে)।
(১০) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া সাম্প্রতিক বছরের ই.ডব্লু.এস. সার্টিফিকেট।
(১১) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া এক্সেমটেড ক্যাটেগরি সার্টিফিকেট।
(১২) প্রাক্তন সমরকর্মী সার্টিফিকেট।
(১৩) প্যারা টিচারদের বেলায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দেওয়া 'ফার্স্ট এনগেজমেন্ট লেটার'।
(১৪) প্যারা টিচারদের বেলায় ডি.পি.ও. / এস.ডি.ও.'এর দেওয়া অভিজ্ঞতার সার্টিফিকেট (সার্ভিস কাউন্টিং ও বয়সের ছাড়ের জন্য)।
(১৫) কো-কারিকুলার অ্যাক্টিভিটিজ / এক্সট্রা কারিকুলার অ্যাক্টিভিটিজ হিসাবে যাবতীয় সার্টিফিকেট ও প্রমাণপত্র।
(১৬) ভোটার কার্ড / আধার কার্ড।
(১৭) স্ব-প্রত্যয়িত করা ১ কপি পাশপোর্ট মাপের ফটো।

## ব্যাঙ্কে ১৩০ অফিসার

৩ পাতার পর

ফিনান্সিয়াল সেক্টরে ১ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)।

**চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট :** চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি কোর্স পাশরা ব্যাঙ্কিং বা, ফিনান্সিয়াল সেক্টরে ১ বছর পোস্ট কোয়ালিফিকেশন অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫০টি (জেনাঃ ২২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১৩, ই.ডব্লু.এস. ৫)।

**নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটর :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)।

**ডাটাবেস অ্যাডমিনিস্ট্রেটর :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ডাটা অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**সিস্টেম অ্যাডমিনিস্ট্রেটর :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে সিস্টেম অ্যাডমিনিস্ট্রেশনের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**সফটওয়্যার ডেভেলপমেন্ট :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। জাভা, অ্যাপ্লিকেশন ডেভেলপার, এ.পি.ই. ইত্যাদি ক্ষেত্রে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ৭, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ১)।

**মিউরেক্স ডেভেলপার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি বা, ব্যাঙ্কিং সেক্টরে মিউরেক্স প্রোজেক্টের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)।

**ফিনাকেল ডেভেলপার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ফিনাকেল ডেভেলপমেন্ট-এর কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৪, ও.বি.সি. ১)।

**ক্লাউড ইঞ্জিনিয়ার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ক্লাউড কম্পিউটিংয়ের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**এ.আই. / এম.এল. ইঞ্জিনিয়ার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে এ.আই. সংক্রান্ত কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**ডাটা অ্যানালিস্ট :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ডাটা অ্যানালিস্টের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**ডাটা সায়েন্টিস্ট :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ডাটা সায়েন্সের কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

**সাইবার সিকিউরিটি অফিসার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে সাইবার সিকিউরিটির কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ৩টি (জেনাঃ)।

**ডাটা প্রাইভেসি কমপ্লায়েন্স অফিসার :** ইনফর্মেশন টেকনোলজি, কম্পিউটার সায়েন্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স, এম.সি.এ., এম.এসসি. -কম্পিউটার সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা যোগ্য। আই.টি. বা, ব্যাঙ্কিং সেক্টরে ডাটা প্রাইভেসির কাজে অন্তত ১ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ২০ থেকে ৩০ বছরের মধ্যে। শূন্যপদ : ২টি (জেনাঃ)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-১-২০২৬'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৪৮,৪৮০-৮৫,৯২০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং : HO/HRM/RECR/2025-26/COM-04.

প্রার্থী বাছাইয়ের অনলাইন টেস্ট হবে। সফল হলে ইন্টারভিউ হবে।

দরখাস্ত করবেন অনলাইনে, ২ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : www.ucobank.com অনলাইনে দরখাস্ত করার সময় বৈধ ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৮০০ (তপশিলী, প্রতিবন্ধী হলে ১৭৫) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। ইন্টারভিউয়ের সময় বয়স, শিক্ষাগত যোগ্যতা, কাস্ট সার্টিফিকেট, ফটো, সি.বি.এস. চালান /এন.ই.এফ.টি. রিসিপ্ট, বৈধ আই.বি.পি.এস. কার্ডের মূল ইত্যাদি নিয়ে যাবেন।

## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

**৫ অক্টোবর :** ব্রিগেডিয়ার বিশাল শ্রীবাস্তব'এর নেতৃত্বে 'প্রোজেক্ট হিমাঙ্ক'এর অধীনে, পূর্ব লাদাখের ১৯,৪০০ ফুট উচ্চতায় মিগ লা মোটর পাস তৈরি করে ইতিহাস গড়ল 'বর্ডার রোডস অর্গানাইজেশন', যা বিশ্বের সর্বোচ্চ মোটর পথ। এতদিন বিশ্বের সর্বোচ্চ মোটর পথ ছিল ১৯,০২৪ ফুট উচ্চতার উমলিং লা। এবার এই নতুন রাস্তা সেই রেকর্ড ছিনিয়ে নিল। এই নতুন রাস্তাটি লিকারু-মিগ লা-ফুকচে লাইনের অংশ, যা হানলে অঞ্চলকে প্রকৃত নিয়ন্ত্রণ রেখার কাছে ফুকচে গ্রামের সঙ্গে সংযুক্ত করে। এই রাস্তাটি বিশ্বজুড়ে বাইক আরোহী ও পর্বতারোহীদের কাছে একটি মনোমুগ্ধকর গন্তব্য হয়ে উঠবে বলে মনে করা হচ্ছে।

□ কেরলের কোল্লামে 'শ্রী নারায়ণ গুরু কালচারাল কমপ্লেক্স'এ, বিখ্যাত ভারতীয় চিত্রশিল্পী প্রয়াত এ.রামচন্দ্রন'এর সম্মানে একটি জাদুঘর উদ্বোধন করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে তাঁর মৃত্যুর দুই বছরেরও কম সময়ের মধ্যে তাঁর শৈল্পিক উত্তরাধিকার সংরক্ষণের ক্ষেত্রে এটি একটি গুরুত্বপূর্ণ মাইলফলক হিসাবে চিহ্নিত হয়েছে। এই জাদুঘরে শিল্পীর সম্পূর্ণ কাজের প্রদর্শনী রয়েছে, যার মধ্যে রয়েছে চিত্রকর্ম, ভাস্কর্য, সেরামিক, স্ট্যাম্প ডিজাইন ও শিশুদের বই, যা 'কেরল ললিথকলা আকাদেমি' সুরক্ষিত করছে। ওইসব শিল্প সংগ্রহের আনুমানিক মূল্য প্রায় ৩০০ কোটি টাকা।

**৬ অক্টোবর :** কাতারের রাজধানী শহর দোহায় লুলু মলে, আনুষ্ঠানিকভাবে ভারতের নিজস্ব ইউপিআই পরিষেবা চালু করলেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল। 'কাতার ন্যাশনাল ব্যাঙ্ক'এর সহযোগিতায় এই ইউপিআই পরিষেবা চালু করা হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে ভারত ও কাতারের মধ্যে আর্থিক লেনদেন আরও সহজ, দ্রুত ও সাশ্রয়ী হবে।

□ কুষ্ঠ নিয়ন্ত্রণে অভূতপূর্ব সাফল্য অর্জন করল ভারত। সরকারি তথ্য অনুসারে, গত ৪৪ বছরে দেশে প্রতি ১০,০০০ জনে কুষ্ঠরোগের প্রাদুর্ভাবের হার ৯৯% কমেছে, যেখানে চিকিৎসাধীন রোগীর সংখ্যা ৯৮% কমেছে। ২০২৫ সালে ভারতে প্রতি ১০,০০০ জনসংখ্যায় এই রোগের প্রাদুর্ভাবের হার ০.৫৭ ও চিকিৎসাধীন রোগীর সংখ্যা ০.৮২ লাখ। অন্যদিকে, ১৯৮১ সালে এই হার ছিল প্রতি ১০,০০০ জনে ৫৭.২ ও চিকিৎসাধীন রোগীর সংখ্যা ছিল ৩৯.১৯ লাখ।

□ ভারতে 'ইংলিশ প্রিমিয়র লিগ'এর অফিসিয়াল দূত হিসাবে নিযুক্ত হলেন ভারতীয় ক্রিকেটার সঞ্জু স্যামসন।

**৭ অক্টোবর :** 'বিকশিত ভারত বিল্ডাথন ২০২৫'এর প্রচারদূত হিসাবে নিযুক্ত হলেন 'আন্তর্জাতিক মহাকাশ স্টেশন'এ পৌঁছানো প্রথম ভারতীয় গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা।



'ইউনেস্কো'র পরবর্তী ডিরেক্টর জেনারেল হিসাবে নিযুক্ত হলেন ড.খালেদ এল-ইনানি।

□ ২০২৫ সালে এক উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করল 'প্রধানমন্ত্রী সূর্য ঘর মুফত বিজলী যোজনা'। পাব্লিক সেক্টর ব্যাঙ্কগুলি ৫.৭৯ লাখেরও বেশি ঋণ আবেদন মঞ্জুর করেছে, যার আর্থিক সহায়তা ১০.৯০৭ কোটি টাকারও বেশি। এই মাইলফলকটি ভারতীয় পরিবারগুলির মধ্যে রুফটপ সোলার সিস্টেমের ক্রমবর্ধমান গ্রহণকে চিহ্নিত করে। এই সাফল্য সারা দেশের নাগরিকদের জন্য পরিষ্কার, সাশ্রয়ী মূল্যের ও স্বনির্ভর বিদ্যুৎ সরবরাহের জন্য সরকারের অব্যাহত প্রচেষ্টাকে তুলে ধরে।

**৮ অক্টোবর :** ভারতে নিযুক্ত সর্বকনিষ্ঠ মার্কিন রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন সার্জিও গোর।

□ পুরীতে 'জ্ঞান যজ্ঞ মণ্ডপ' নামে একটি ডিজিটাল লাইব্রেরি স্থাপন করার সিদ্ধান্ত নিল ওড়িশা সরকার, যেখানে 'জগন্নাথ মন্দির'এর সব দুর্লভ রেকর্ড সংরক্ষণ করা হবে, যার মধ্যে রয়েছে মাদলা পঞ্জি, ধর্মীয় নথি ও তালপাতার পাণ্ডুলিপি। এই উদ্যোগের লক্ষ্য হল, ভক্ত ও গবেষক উভয়ের জন্যই এই পবিত্র নথি ও পাণ্ডুলিপি ডিজিটালি অ্যাক্সেসযোগ্য করে তোলা। মন্দির প্রাঙ্গণের কাছে ইমার মঠ কমপ্লেক্সের মধ্যে একসময় ধ্বংসপ্রাপ্ত 'রঘুনন্দন লাইব্রেরি'র জায়গায় এই ডিজিটাল লাইব্রেরিটি তৈরি করা হবে। বিংশ শতাব্দীর শুরুর দিকে স্থাপিত এই ঐতিহাসিক গ্রন্থাগারে একসময় ওড়িয়া, সংস্কৃত ও বাংলা ভাষায় শত শত তালপাতার পাণ্ডুলিপি ও ধর্মীয় গ্রন্থ সংরক্ষিত ছিল।

□ হিন্দুদের ধর্মীয় উৎসব 'দীপাবলি'তে সরকারি ছুটি ঘোষণা করল মার্কিন যুক্তরাষ্ট্রের অঙ্গরাজ্য ক্যালিফোর্নিয়া। এদিন এই সংক্রান্ত একটি বিল স্বাক্ষর করলেন ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম, যা ১ জানুয়ারি থেকে কার্যকর হয়েছে। এই আইন অনুযায়ী, ক্যালিফোর্নিয়ার পাব্লিক স্কুল ও কমিউনিটি কলেজগুলি দীপাবলি উপলক্ষ্যে বন্ধ থাকবে। এছাড়াও, ওই অঙ্গরাজ্যের কর্মীরা ও পাব্লিক শিক্ষার্থীরা এই উৎসবের জন্য ছুটি নিতে পারবেন।

□ হরিয়ানার সোনিপতে, ভারতের প্রথম বাণিজ্যিক বৈদ্যুতিক ট্রাক ব্যাটারি সোয়াপিং ও চার্জিং স্টেশনের উদ্বোধন করলেন কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও মহাসড়ক মন্ত্রী নীতিন গড়করি। গণৌরের কাছে জিটি রোডের পাঁচি গুজরান গ্রামে 'দিল্লি আন্তর্জাতিক কার্গো টার্মিনাল প্রাইভেট লিমিটেড'এ এই সুবিধাটি চালু হয়েছে। এই উদ্যোগের লক্ষ্য হল, দূষণ কমানো, জ্বালানি খরচ কমানো ও জৈব জ্বালানির ব্যবহারকে উৎসাহিত করা। সোনিপত স্টেশনটি বৈদ্যুতিক ট্রাকের জন্য প্রথম এইধরনের সুবিধা, যা ব্যাটারি সোয়াপিং ও চার্জিং উভয় পরিষেবাই প্রদান করবে।

**৯ অক্টোবর :** আরবিআই'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সঞ্জয় কুমার হাঁসদা। ২০২৬ সালের ৩ মার্চ থেকে দায়িত্ব নিয়েছেন তিনি।

□ হন্ডুরাস প্রজাতন্ত্রে, ভারতের রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন রাজ কুমার সিং।

□ 'ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক'এর এক্সিকিউটিভ ডিরেক্টর হিসাবে নিযুক্ত হলেন সোনালী সেন গুপ্তা।

□ কেন্দ্রীয় নতুন ও পুনর্নবীকরণযোগ্য জ্বালানি মন্ত্রী প্রহ্লাদ যোশী'র মতে, ভারত এখন বিশ্বের তৃতীয় বৃহত্তম সৌরশক্তি উৎপাদনকারী দেশ, যার সৌরশক্তির পরিমাণ প্রায় ১২৫ গিগাওয়াট। মন্ত্রী এদিন আরও উল্লেখ করেছেন, ভারত নির্ধারিত সময়ের ৫ বছর আগেই তার পুনর্নবীকরণযোগ্য জ্বালানি লক্ষ্যমাত্রা অর্জন করেছে আর অ-জীবাশ্ম সম্পদ থেকে প্রাপ্ত মোট স্থাপিত বিদ্যুৎ ক্ষমতার ৫০% অতিক্রম করেছে।

□ 'অনন্ত শাস্ত্র' বায়ু প্রতিরক্ষা ক্ষেপণাস্ত্র ব্যবস্থা কেনার জন্য, রাষ্ট্রায়ত্ত সংস্থা 'ভারত ইলেক্ট্রনিক্স লিমিটেড'কে প্রায় ৩০,০০০ কোটি টাকার একটি দরপত্র জারি করেছে ভারতীয় সেনাবাহিনী। এই ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, যা আগে 'কুইক রিয়্যাকশন সারফেস-টু-এয়ার মিসাইল' নামে পরিচিত ছিল, যা ডিআরডিও তৈরি করেছিল। ভারতীয় সেনা এই ক্ষেপণাস্ত্র ব্যবস্থার পাঁচ থেকে ছটি রেজিমেন্ট কিনবে। এই ব্যবস্থাটি অত্যন্ত গতিশীল, যা চলমান অবস্থায় লক্ষ্যবস্তু অনুসন্ধান ও ট্র্যাক করতে পারে। এটি স্বল্প সময়ের জন্য থেমেও গুলি চালাতে পারে। এর পাল্লা প্রায় ৩০ কিলোমিটার। এই ব্যবস্থা ভারতীয় সেনাবাহিনীর বায়ু প্রতিরক্ষা আরও শক্তিশালী করবে বলে মনে করা হচ্ছে।

□ 'ব্লুমবার্গ বিলিওনেয়ার্স ইনডেক্স' অনুসারে, বিশ্বের প্রথম সক্রিয় ফুটবলার হিসাবে বিলিওনেয়ার হলেন পর্তুগিজ তারকা ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। এখন তিনিই বিশ্বের ধনীতম ফুটবলার। সৌদির ক্লাব 'আল নাসের'এর সঙ্গে নতুন চুক্তিবদ্ধ হওয়ার পরই এই তকমা পেলেন তিনি। রোনাল্ডোর সম্পত্তির পরিমাণ এখন ১.৪ বিলিয়ন মার্কিন ডলার। ইউরোপে খেলার সময় ২০০২ সাল থেকে ২০২৩ সালের মধ্যে তিনি বেতনের মাধ্যমে ৫৫০ মিলিয়ন ডলারেরও বেশি আয় করেছিলেন।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal, Editor : Mousumi Ghosh. M. : 6291684943, E-Mail : karmsang@gmail.com